উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী (মাস: জুলাই/২০২৩)

অধিবেশন:-১৩০

উপদেষ্টা : জনাব আনোয়ারুল আবেদীন খান (তুহিন), মাননীয় জাতীয় সংসদ সদস্য
১৫৪-ময়মনসিংহ-৯, নান্দাইল, ময়মনসিংহ।

সভাপতি : জনাব হাসান মাহমুদ জুয়েল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ২৫ জুলাই, ২০২৩ খ্রি:।

সময় : বেলা-১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতির অনুরোধক্রমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা পরিষদ জামে মসজিদের সহকারী ইমাম জনাব আবু বক্কর সিদ্দিক। অতঃপর চেয়ারম্যান, উপজেলা পরিষদ নান্দাইল এর অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল কর্তৃক আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ নিম্ন বর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। | বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় এবং কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। | সংশ্লিষ্ট সদস্যগণ। |
| ০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় জানান উলুহাটি-কালিগঞ্জ রাস্তা জরুরী ভিত্তিতে নির্মানের ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে পরামর্শ প্রদান করেন। | উলুহাটি-কালিগঞ্জ রাস্তা জরুরী ভিত্তিতে নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী নান্দাইল। |
| উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের আওতায় বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা ও পরামর্শ প্রদান করেন।<br><br>উপজেলা প্রশাসনিক ভবনের পঞ্চম তলায় জয় সেট সেন্টার স্থাপন কার্যক্রম উদ্বোধনী অনুষ্ঠানের তারিখ নির্ধারণ, পরবর্তি প্রস্তুতি বিষয়ে উপজেলা প্রকৌশলী ও সহকারী প্রোগ্রামারকে পরামর্শ প্রদান করেন। | উপজেলা প্রশাসনিক ভবনের পঞ্চম তলায় জয় সেট সেন্টার স্থাপন কার্যক্রম উদ্বোধনী অনুষ্ঠানের ১০-১৫ দিন পূর্বে মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের সাথে উপজেলা প্রকৌশলী ও সহকারী প্রোগ্রামার যোগাযোগ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, নান্দাইল/ সহকারী প্রোগ্রামার। |
| বাশাটি উচ্চ বিদ্যালয়ের ল্যাব হতে ল্যাপটপ/কম্পিউটার যন্ত্রাংশ চুরি হওয়ায় যাদের গাফিলতি রয়েছে তাদের বিরুদ্ধেও আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সহকারী প্রোগ্রামারকে পরামর্শ প্রদান করেন। | বাশাটি উচ্চ বিদ্যালয়ের ল্যাব হতে ল্যাপটপ/ কম্পিউটার যন্ত্রাংশ চুরি হওয়ায় যাদের গাফিলতি রয়েছে তাদেরসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| ০৩। **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান**, সারাদেশের তুলনায় ডেঙ্গু জ্বরের প্রকোপ বৃদ্ধি পেয়েছে। ২৫/০৭/২০২৩ ইং পর্যন্ত মোট ডেঙ্গু জ্বরের আক্রান্ত ৩৩ জন। ৩২ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন। ১ জন রেফার্ড হয়ে ময়মনসিংহ মেডিকেল কলেজে চিকিৎসা নিয়েছেন। | ডেঙ্গু প্রকোপ বৃদ্ধি পাওয়ায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত রোগীদের উপজেলা স্বাস্থ্য সেবা কেন্দ্রে চিকিৎসা সেবা অব্যাহত রাখার অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা/ চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| ০৪। **উপজেলা কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় খরিপ-১/২০২৩-২৪ উৎপাদন মৌসুমে ১০৫০ হেক্টর জমিতে আউশ আবাদ হয়েছে। বর্তমানে ফুল, দুধ এবং দানা অবস্থায় রয়েছে। আবহওয়া অনুকূলে থাকলে এ বছর আশানুরুপ ফলন পাওয়া যাবে আশা করা যাচ্ছে। অত্র উপজেলায় খরিপ-২/২০২২-২০২৩ মৌসুমে ২২৪১০ হেক্টর জমিতে রোপা আমন আবাদ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং উৎপাদন লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছে-৬৪৭৮২ মেঃটন। ইতোমধ্যে ১১২৩ হেক্টর জমিতে বীজ তলা তৈরির কাজ সম্পন্ন হয়েছে এবং আবাদ কার্যক্রম শুরু হয়েছে। কৃষকগণ যেন প্রযুক্তি ব্যবহার করে (লাইন,লঘু, পার্চিং) জমি রোপন করে এ বিষয়ে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সর্বদা কৃষকের পাশে থেকে পরামর্শ প্রদান করে যাচ্ছেন। আশা করা যাচ্ছে এবছর আবাদ লক্ষমাত্রা অর্জন করা যাবে। | মাঠে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সর্বদা উপস্থিত থেকে কৃষকদের পরামর্শ প্রদান কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| জুলাই/২০২৩ মাসে ৪২৫ মেঃটন ইউরিয়া সারের বরাদ্দ প্রদান করা হয়েছে। অদ্য পর্যন্ত ১৩৯ মেঃটন ইউরিয়া সার উত্তোলন সম্পন্ন হয়েছে। সর্বশেষ ডিলার ভিত্তিক রিপোর্ট অনুযায়ী ইউরিয়া ৩৪৫ মেঃটন, টিএসপি ১৩.৫০ মেঃটন, ডিএপি ৫০.০০ মেঃটন এবং | কোন ধরনের রাসায়নিক সারের সংকট যেন না হয় এবং দোকান মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | |
|---|---|---|
| রাসায়নিক সারের ঘাটতি অত্র উপজেলায় নেই সারের উত্তোলন, মজুদ ও বিক্রয় মনিটরিং জোরদার করা হয়েছে।<br>অত্র উপজেলা প্রথম বারের মত উপজেলা কৃষি অফিসারে উদ্যোগে স্কুল কৃষি চালু হয়েছে। স্কুল, কলেজের কিশোর-কিশোরিদের মাঝে সবজির পুষ্টি গুনাগুন এবং বসতবাড়ির খালি বা পতিত জায়গায় কিভাবে সহজেই কালিকাপুর মডেলে বাগান স্থাপন করে সারা বছর শাক সবজি উৎপাদন করা যায় এ বিষয়ে উদ্বুদ্ধ করা হচ্ছে। ইতোমধ্যে আটটি হাই স্কুল এবং ১টি প্রাথমিক বিদ্যালয়ে কার্যক্রম সম্পন্ন হয়েছে। অত্র উপজেলার সকল হাইস্কুল, কলেজ, মাদ্রাসায় স্কুল কৃষির কার্যক্রম পরিচালনা করা হবে। সেই সাথে যে সকল প্রতিষ্ঠানে খালি জায়গা রয়েছে সেখানে বাগান করে দেয়ার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | স্কুল, কলেজের কিশোর-কিশোরিদের মাঝে সবজির পুষ্টি গুনাগুন এবং বসতবাড়ির খালি বা পতিত জায়গায় কিভাবে সহজেই কালিকাপুর মডেলে বাগান স্থাপন করা যায় এ বিষয়ে উদ্বুদ্ধ করন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| **০৫। উপজেলা মৎস্য বিভাগ :** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান "নিরাপদ মাছে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ" এই প্রতিপাদ্য কে সামনে রেখে ৭ দিন ব্যাপী (২৪-৩০ জুলাই) জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপিত হচ্ছে। বিভিন্ন কর্মসূচির মাধ্যমে। আগামী আগষ্ট/২০২৩ মাসে উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ করা হবে। যার তালিকা ইতিমধ্যে চূড়ান্ত করা হয়েছে। নীতিমালা অনুযায়ী সরকারী মৎস্য প্রজনন খামার, নান্দাইল থেকে কার্প জাতীয় মাছের পোনা সংগ্রহ করা হবে। উপজেলার বিভিন্ন জলাশয় হতে মৎস্য সংরক্ষণ আইন ১৯৫০ এর আওতায় অবৈধ কারেন্ট জাল, চায়না দুয়ারী জালগুলো উচ্ছেদের জন্য ইউনিয়ন পরিষদ এর সম্মানিত চেয়ারম্যানবৃন্দ সহ সকল সদস্যগণকে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | মৎস্য সংরক্ষণ আইন ১৯৫০ এর আওতায় অবৈধ কারেন্ট জাল, চায়না দুয়ারী জাল উচ্ছেদ অভিযান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নান্দাইল। |
| **০৬। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>ক্ষুদ্র-নৃগোষ্টিদের মাঝে হাঁস এবং মুরগীর ঘর বিতরণ করা হবে। এ উপলক্ষ্যে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের পরামর্শক্রমে ১৬৯ জনের তালিকা পাওয়াগিয়েছে। | নীতিমালা মোতাবেক ১৬৯ জনের ক্ষুদ্র-নৃগোষ্টিদের মাঝে হাঁস এবং মুরগীর ঘর বিতরন কার্যক্রম সফল বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নান্দাইল। |
| **০৭। উপজেলা প্রকৌশল বিভাগ :** উপজেলা প্রকৌশলী জানান, মুশুল্লী-কালিগঞ্জ রাস্তা নির্মানের লক্ষ্যে টেন্ডার কার্যক্রম চলমান রয়েছে।<br>বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের আওতায় সকল উন্নয়ন মূলক কাজের গতি আরও বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী নান্দাইল। |
| **০৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান,** ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে কোন বরাদ্দ পাওয়া যায়নি।<br>২০২২-২০২৩ অর্থ বছরের ঢেউটিন বিতরণ ও বিশেষ কাবিটা/কাবিখা ও টি আর প্রকল্পের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে এবং দ্রুত শেষ হবে বলে আশা করা যায়। | নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল। |
| **০৯। উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান,** সারাদেশের ন্যায় নান্দাইল উপজেলায় বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট/২০২৩ ইউনিয়ন/পৌরসভা খেলা শেষ হয়েছে। ২৬/০৭/২০২৩ তারিখ উপজেলা পর্যায়ের খেলা উদ্বোধন এবং ৩১/০৭/২০২৩ তারিখ ফাইনাল খেলা সরকারী শহীদ স্মৃতি আদর্শ কলেজ মাঠে অনুষ্ঠিত হবে। কোমলমতি শিশুদের খেলায় অনুপ্রাণিত করার জন্য সকল সদস্যগণের উপস্থিতি কামনা করেন। | অত্র উপজেলায় বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট/২০২৩ সুন্দর ও সুষ্ঠুভাবে আয়োজন এবং উক্ত খেলায় সংশ্লিষ্ট সদস্যগণের উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| অত্র উপজেলায় জরাজীর্ণ পরিত্যক্ত ভবন নিলামে বিক্রয় কাজ চলমান রয়েছে। ইতোমধ্যে ৯টি বিদ্যালয়য়ের ভবন নিলামে বিক্রয় প্রক্রিয়া শুরু হয়েছে<br>সহঃ শিক্ষক থেকে প্রধান শিক্ষক পদে পদোন্নতির জন্য ১৭৪ জন শিক্ষকের, অনলাইনে গ্রেডেশন প্রক্রিয়ার কাজ শেষ পর্যায়ে। এক সপ্তাহের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হবে। | ঠিকাদার যেন নিলামকৃত ভবন দ্রুত অপসারন করেন এবং উক্ত জায়গা পরিষ্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| বেশ কিছু বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ কাজ বিলম্বিত হওয়ায় ছাত্র-ছাত্রীদের সুন্দর পরিবেশে পাঠদান ব্যবহত হচ্ছে। এ সকল ভবন | প্রস্তাবিত প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ কাজের গতি বাড়ানোর জন্য উপজেলা | উপজেলা প্রকৌশলী, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| [illegible] | [illegible]কৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত [illegible] হয়। | |
| [illegible] উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, মাধ্যমিক বিদ্যালয়গুলো তাদের বিভিন্ন দাবী নিয়ে শ্রেণী পাঠদান থেকে বিরত রয়েছে। ২২/০৭/২৩ থেকে শিক্ষা প্রতিষ্ঠানের গ্রীষ্মকালীন ছুটি শিক্ষা মন্ত্রণালয় বাতিল করেছেন। ছুটি বাতিল করার পরও শিক্ষা প্রতিষ্ঠান গুলোর শিক্ষকগণ বিদ্যালয়ে উপস্থিত থেকে শ্রেণি পাঠদান থেকে বিরত রয়েছেন। এ বিষয়ে জেলা শিক্ষা অফিস ময়মনসিংহে একটি প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় নির্দেশনা মোতাবেক দাপ্তরিক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| **১১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান,** ২০২৩-২০২৪ অর্থ বছরে ৭ দিন মেয়াদী প্রতি ব্যাচে ৩০ জন করে ১৪টি ব্যাচে ৪২টি বিষয়ে (১৩টি ইউনিয়ন ও একটি পৌরসভাসহ) প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী ভর্তির বিজ্ঞপ্তি এবং প্রশিক্ষণের সিডিউল ইতোমধ্যে প্রকাশ করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ কার্যক্রমে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগীতা কামনা করেন।<br>খেলাপী ঋণ আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রশিক্ষণের সিডিউল মোতাবেক সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল, ময়মনসিংহ। |
| **১২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (বিআরডিবি) জানান,** সেচযন্ত্র/মেয়াদী (ডিটিডাব্লিউ, এসটিডাব্লিউ ও এলএলপি) ও অন্যান্য ঋণ (ফসলী/শস্য, আবর্তক, সদাবিক, বীরমুক্তিযোদ্ধা, পল্লী প্রগতি ও পল্লী উদ্যোক্তা) আদায়ের নিয়মিত কাজ মৌখিক ও লিখিত তাগিদ) চলমান রয়েছে। বকেয়া ঋণ সন্তোষজনকভাবে আদায় না হওয়ায় ও নতুন তহবিল বরাদ্দ না থাকায় ঋণ বিতরণ নেই।<br>উপজেলা পরিষদ চত্বরে নির্মিত বিআরডিবির মালিকানাধীন জোড়া বাড়ীর বর্তমান বাসা নিয়মিত আদায় হচ্ছে এবং বকেয়া বাসা ভাড়া আদায়ে তাগিদ অব্যাহত রয়েছে।<br>অফিসের অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |
| **১৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান** মা ও শিশু ভাতা কার্যক্রমের বীরবেতাগৈর ও চরবেতাগৈর ইউনিয়নের নাম ও বরাদ্দ নিয়ে সমস্যা থাকায় ০২টি ইউনিয়নে ভাতাভোগী নির্বাচন করা যায়নি।<br>২০২২-২০২৩ অর্থ বছরের ভাতা ভোগীদের ভাতা ইউনিয়ন পরিষদে বিতরণ করা হবে।<br>দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | মা ও শিশু ভাতা কার্যক্রমের বীরবেতাগৈর ও চরবেতাগৈর ইউনিয়নের নাম ও বরাদ্দ সমস্যা সমাধানের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২০২২-২০২৩ অর্থ বছরের ভাতা ভোগীদের ভাতা নীতিমালা মোতাবেক বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নান্দাইল।<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নান্দাইল। |
| **১৪। উপজেলা পঃ পঃ কর্মকর্তা জানান যে,** অত্র উপজেলায় ৭টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র আছে। তার মধ্যে ৪টি কেন্দ্রে ডেলিভারী কার্যক্রম চালু আছে। বীর বেতাগৈর, নান্দাইল ইউনিয়ন, চন্ডীপাশা ইউনিয়ন এবং মুশুল্লী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে ডেলিভারী কার্যক্রম আরও বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে জনসচেতনতা এবং প্রচারের উদ্যোগ নেয়ার জন্য অনুরোধ করেন। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় সেবা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল। |
| **১৫। সহকারী প্রোগ্রামার জানান যে,** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় নান্দাইল উপজেলা প্রশাসনিক ভবনের পঞ্চম তলায় উর্ধ্বমুখী সম্প্রসারণের মাধ্যমে জয় সেট সেন্টার স্থাপনের লক্ষ্যে উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে ই-জিপি পদ্ধতিতে টেন্ডার ও মূল্যায়ন কমিটির কার্যক্রম চলমান রয়েছে।<br>নান্দাইল উপজেলায় স্থাপিত ১৬টি শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ সঠিকভাবে পরিচালনা, ব্যবহার ও রক্ষণাবেক্ষণের জন্য শেখ রাসেল ডিজিটাল ল্যাবপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণকে "আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলস্যুটিং ও মেইনটেনেন্স" বিষয়ক ১০দিন ব্যাপি প্রশিক্ষণ নান্দাইল পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের ল্যাবে ২য় | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় নান্দাইল উপজেলা প্রশাসনিক ভবনের পঞ্চম তলায় উর্ধ্বমুখী সম্প্রসারণের মাধ্যমে জয় সেট সেন্টার স্থাপন কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| ব্যাচে ২০ জন শিক্ষকের প্রশিক্ষণ চলমান।<br>গত ০৭/০৩/২০২৩ খ্রিঃ তারিখ দিবাগত রাতে [illegible] উচ্চ বিদ্যালয়ের [illegible] শেখ রাসেল ডিজিটাল ল্যাবের দরজার [illegible] ভেঙ্গে ১২টি ল্যাপটপ ও ১০টি মাউস চুরি হয়েছে।<br>০৯/০৩/২০২৩ খ্রিঃ তারিখ প্রধান শিক্ষক কর্তৃক মামলা দায়ের করা হয়। কিন্তু অদ্যাবধি ১২টি ল্যাপটপ ও ১০টি মাউস উদ্ধার করা সম্ভব হয়নি। শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প এর প্রতিষ্ঠান প্রধানের সাথে সংশোধিত চুক্তিনামার ২য় পক্ষ (শিক্ষা প্রতিষ্ঠান) কর্তৃক করণীয় শর্তের ১৫ নং অনুযায়ী শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প কর্তৃক প্রদত্ত আইটি সামগ্রী (ল্যাপটপ,প্রিন্টার, স্ক্যানার, স্মার্ট এলইডি টিভি, রাউটার নেটওয়ার্ক সুইচ) এবং ফার্নিচার চেয়ার, টেবিল) চুরি/হারানো/ খোয়া গেলে যদি উদ্ধার করা সম্ভব না হয় তাহলে স্কুল কর্তৃপক্ষকে তা নিজস্ব অর্থায়নে ২ মাসের মধ্যে প্রতিস্থাপন করতে হবে। | শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প এর প্রতিষ্ঠান প্রধানের সাথে সংশোধিত চুক্তিনামার ২য় পক্ষ (শিক্ষা প্রতিষ্ঠান) কর্তৃক করণীয় শর্তের ১৫ নং অনুযায়ী শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প কর্তৃক প্রদত্ত আইটি সামগ্রী (ল্যাপটপ,প্রিন্টার, স্ক্যানার, স্মার্ট এলইডি টিভি, রাউটার নেটওয়ার্ক সুইচ) এবং ফার্নিচার চেয়ার, টেবিল) চুরি/হারানো/খোয়া গেলে যদি উদ্ধার করা সম্ভব না হয় তাহলে স্কুল কর্তৃপক্ষকে তা নিজস্ব অর্থায়নে ২ মাসের মধ্যে প্রতিস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় জানান যে, জয় সেট সেন্টার স্থাপন কার্যক্রম উদ্বোধন মাননীয় আইসিটি প্রতিমন্ত্রীর মহোদয়ের মাধ্যমে করানোর নিমিত্ত প্রস্তুতি গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও সহকারী প্রোগ্রামারকে নির্দেশনা প্রদান করেন এবং মাননীয় আইসিটি প্রতিমন্ত্রী মহোদয়ের মাধ্যমে নান্দাইল উপজেলায় শেখ কামাল আইট ট্রেনিং এন্ড ইনকিউবেটর সেন্টার স্থাপনের আশাবাদ ব্যক্ত করেন। | জয় সেট সেন্টার স্থাপন কার্যক্রম উদ্বোধন মাননীয় আইসিটি প্রতিমন্ত্রীর মহোদয়ের মাধ্যমে করানোর নিমিত্ত প্রস্তুতি গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও সহকারী প্রোগ্রামার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও সহকারী প্রোগ্রামার, নান্দাইল। |
| ১৬। **উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি) জানান যে,** বিএডিসির দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাব চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি) নান্দাইল। |
| ১৭। **চেয়ারম্যান মুশুল্লী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে,** মুশুল্লী কমিউনিটি ক্লিনিকে সরকারি ঔষধ নিয়মিত পাওয়া যাচ্ছে না। মাসের ২-৩ দিন পরেই সংশ্লিষ্ট কর্তকর্তা ঔষধ নেই বলে রোগীদেরকে ফেরৎ দেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি জানান যে, মুশুল্লী কমিউনিটি ক্লিনিকে কতোগুলি আইটেমের ঔষধ দেয়া হয় এবং কি পরিমান ঔষধ দেয়া হয় তার সুস্পষ্ট মতামত আগামী মাসিক সভায় জানানোর জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অবহিত করেন। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে আগামী মাসিক সাধারণ সভায় মুশুল্লী কমিউনিটি ক্লিনিকে কতোগুলি আইটেমের ঔষধ দেয়া হয় এবং কি পরিমান ঔষধ দেয়া হয় তার সুস্পষ্ট মতামত প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নান্দাইল। |
| ১৮। **সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান** আগামী ০১/০৮/২০২৩ তারিখ হতে ৩১/০৮/২০২৩ তারিখ পর্যন্ত প্রতিবন্ধী ভাতার কার্ড করার জন্য অনলাইনে আবেদন করা যাবে । যে সকল প্রতিবন্ধীর ভাতা কার্ড এখনো হয়নি তাদেরকে জরুরী ভিত্তিতে অনলাইনে আবেদন করার পরামর্শ প্রদান করেন। এ বিষয়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করেন। | আগামী ০১/০৮/২০২৩ তারিখ হতে ৩১/০৮/২০২৩ তারিখ পর্যন্ত প্রতিবন্ধী ভাতার কার্ড করার লক্ষ্যে অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। উক্ত সময়ের মধ্যে নতুন আবেদনকারীগণ দ্রুত অনলাইনে আবেদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা/চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/৭/২৩

(হাসান মাহমুদ জুয়েল)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নান্দাইল, ময়মনসিংহ।

উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী (মাস: আগষ্ট/২০২৩)

অধিবেশন: ১৩১

উপদেষ্টা : জনাব আনোয়ারুল আবেদীন খান (তুহিন), মাননীয় জাতীয় সংসদ সদস্য

১৫৪-ময়মনসিংহ-৯, নান্দাইল, ময়মনসিংহ।

সভাপতি : জনাব হাসান মাহমুদ জুয়েল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ১৬ আগষ্ট, ২০২৩ খ্রিঃ।

সময় : বেলা-১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতির অনুরোধক্রমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা পরিষদ জামে মসজিদের সহকারী ইমাম জনাব আবু বক্কর সিদ্দিক। অতঃপর চেয়ারম্যান, উপজেলা পরিষদ নান্দাইল এর অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল কর্তৃক আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ নিম্ন বর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১। **উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ** করেন। | **বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় এবং কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।** | **সংশ্লিষ্ট সদস্যগণ।** |
| ০২। **মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় জানান** আবালধনি বাজার হতে আচারগাঁও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র পর্যন্ত রাস্তাটি বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় এইচবিবি করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন। | আবালধনি বাজার হতে আচারগাঁও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র পর্যন্ত রাস্তাটি বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় এইচবিবি করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নান্দাইল। |
| নান্দাইল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের উপস্থিতিতে উপজেলা শিক্ষা কর্মকর্তা, উক্ত বিদ্যালয়ের বাউন্ডারি ওয়াল নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন। | নান্দাইল প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারি ওয়াল নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নান্দাইল। |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে দ্রুত প্রকল্প তালিকা গ্রহণ ও প্রকল্প স্থানে মাটিকাটা শুরুর বিষয়ে পরামর্শ প্রদান করেন। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প তালিকা গ্রহণ ও প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল। |
| উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের আওতায় নান্দাইল বাজার উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাস ভবন হতে খালপাড় (নোয়াবাড়ি) ব্রীজ পর্যন্ত রাস্তা মেরামতের জন্যে নির্বাহী প্রকৌশলী, ময়মনসিংহ এঁর সাথে ফোনে যোগাযোগ করেন এবং উক্ত রাস্তাটি উপজেলা প্রকৌশলীকে দ্রুত মেরামতের পরামর্শ প্রদান করেন। | নান্দাইল বাজার উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাস ভবন হতে খালপাড় (নোয়াবাড়ি) ব্রীজ পর্যন্ত রাস্তাটি উপজেলা প্রকৌশলী এলজিইডি দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নান্দাইল। |
| তিনি আরও জানান যে অত্র উপজেলায় কওমি মাদ্রাসা নির্মাণ করার পূর্বে উপজেলা পরিষদের সিদ্ধান্ত ও অনুমোদনের পর নির্মাণ করার প্রস্তাব উত্থাপন করেন। এ বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তাকে পরামর্শ প্রদান করেন। | অত্র উপজেলায় কওমি মাদ্রাসা নির্মাণ করার পূর্বে উপজেলা পরিষদের সিদ্ধান্ত ও অনুমোদনের পর নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা, নান্দাইল। |
| ০৩। **উপজেলা নির্বাহী অফিসার জানান যে,** টিসিবি ছক মোতাবেক দ্রুত তথ্য দেয়ার জন্য চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদকে পরামর্শ প্রদান করেন। | টিসিবি (ছক মোতাবেক) তথ্য দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| তিনি আরও জানান যে, অত্র উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে প্রায় দুই বছর তিন মাস কর্মরত আছেন। সরকারি নিয়ম অনুযায়ী পদোন্নতি এবং বদলী আদেশ প্রাপ্ত হওয়ায় অত্র উপজেলা ত্যাগ করতে হচ্ছে। উপস্থিত সকল সদস্যগণের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং সকল সদস্যগণের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। | উপজেলা পরিষদের সকল সদস্যগণ, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের পদোন্নতি হওয়ায় শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। | |
| ০৪। **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান**, ডেঙ্গু জ্বরে উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে এ পর্যন্ত ৯২ জন রোগির ভর্তি ও সেবা প্রদানের বিষয়ে তথ্য প্রদান করেন। ডেঙ্গু জ্বরে প্যারাসিটামল ঔষধ খাওয়ার পরামর্শ প্রদান করেন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মেজর ও মাইনর অপারেশন করা হয়। মেডিকেল অফিসার ও কনসালটেন্টদের মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রদানের বিষয়ে আলোচনা করেন। | ডেঙ্গু প্রকোপ বৃদ্ধি পাওয়ায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত রোগীদের উপজেলা স্বাস্থ্য সেবা কেন্দ্রে চিকিৎসা সেবা চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা/ চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |

উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী (মাস: আগষ্ট/২০২৩)

অধিবেশন: ১৩১

উপদেষ্টা : জনাব আনোয়ারুল আবেদীন খান (তুহিন), মাননীয় জাতীয় সংসদ সদস্য

১৫৪-ময়মনসিংহ-৯, নান্দাইল, ময়মনসিংহ।

সভাপতি : জনাব হাসান মাহমুদ জুয়েল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ১৬ আগষ্ট, ২০২৩ খ্রিঃ।

সময় : বেলা-১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতির অনুরোধক্রমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা পরিষদ জামে মসজিদের সহকারী ইমাম জনাব আবু বক্কর সিদ্দিক। অতঃপর চেয়ারম্যান, উপজেলা পরিষদ নান্দাইল এর অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল কর্তৃক আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ নিম্ন বর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **০১। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন।** | **বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় এবং কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।** | **সংশ্লিষ্ট সদস্যগণ।** |
| ০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় জানান আবালধনি বাজার হতে আচারগাঁও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র পর্যন্ত রাস্তাটি বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় এইচবিবি করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন। | আবালধনি বাজার হতে আচারগাঁও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র পর্যন্ত রাস্তাটি বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় এইচবিবি করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নান্দাইল। |
| নান্দাইল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের উপস্থিতিতে উপজেলা শিক্ষা কর্মকর্তা, উক্ত বিদ্যালয়ের বাউন্ডারি ওয়াল নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন। | নান্দাইল প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারি ওয়াল নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নান্দাইল। |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে দ্রুত প্রকল্প তালিকা গ্রহণ ও প্রকল্প স্থানে মাটিকাটা শুরুর বিষয়ে পরামর্শ প্রদান করেন। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প তালিকা গ্রহণ ও প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল। |
| উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের আওতায় নান্দাইল বাজার উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাস ভবন হতে খালপাড় (নোয়াবাড়ি) ব্রীজ পর্যন্ত রাস্তা মেরামতের জন্যে নির্বাহী প্রকৌশলী, ময়মনসিংহ এঁর সাথে কোনো যোগাযোগ করেন এবং উক্ত রাস্তাটি উপজেলা প্রকৌশলীকে দ্রুত মেরামতের পরামর্শ প্রদান করেন। | নান্দাইল বাজার উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাস ভবন হতে খালপাড় (নোয়াবাড়ি) ব্রীজ পর্যন্ত রাস্তাটি উপজেলা প্রকৌশলী এলজিইডি দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নান্দাইল। |
| তিনি আরও জানান যে অত্র উপজেলায় কওমি মাদ্রাসা নির্মাণ করার পূর্বে উপজেলা পরিষদের সিদ্ধান্ত ও অনুমোদনের পর নির্মাণ করার প্রস্তাব উত্থাপন করেন। এ বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তাকে পরামর্শ প্রদান করেন। | অত্র উপজেলায় কওমি মাদ্রাসা নির্মাণ করার পূর্বে উপজেলা পরিষদের সিদ্ধান্ত ও অনুমোদনের পর নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা, নান্দাইল। |
| ০৩। **উপজেলা নির্বাহী অফিসার জানান যে,** টিসিবি ছক মোতাবেক দ্রুত তথ্য দেয়ার জন্য চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদকে পরামর্শ প্রদান করেন। | টিসিবি (ছক মোতাবেক) তথ্য দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| তিনি আরও জানান যে, অত্র উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে প্রায় দুই বছর তিন মাস কর্মরত আছেন। সরকারি নিয়ম অনুযায়ী পদোন্নতি এবং বদলী আদেশ প্রাপ্ত হওয়ায় অত্র উপজেলা ত্যাগ করতে হচ্ছে। উপস্থিত সকল সদস্যগণের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং সকল সদস্যগণের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। | উপজেলা পরিষদের সকল সদস্যগণ, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের পদোন্নতি হওয়ায় শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। | |
| ০৪। **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান,** ডেঙ্গু জ্বরে উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে এ পর্যন্ত ৯২ জন রোগির ভর্তি ও সেবা প্রদানের বিষয়ে তথ্য প্রদান করেন। ডেঙ্গু জ্বরে প্যারাসিটামল ঔষধ খাওয়ার পরামর্শ প্রদান করেন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মেজর ও মাইনর অপারেশন করা হয়। মেডিকেল অফিসার ও কনসালটেন্টদের মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রদানের বিষয়ে আলোচনা করেন। | ডেঙ্গু প্রকোপ বৃদ্ধি পাওয়ায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত রোগীদের উপজেলা স্বাস্থ্য সেবা কেন্দ্রে চিকিৎসা সেবা চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা/ চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |

| | | |
|---|---|---|
| অত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীরা যেন স্বাস্থ্য সেবা নেয়, এ বিষয়ে সকল সদস্যগণের সহযোগিতা কামনা করেন। কমিউনিটি ক্লিনিকের স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদানের বিষয়ে আলোচনা করেন এবং কোন ধরনের সমস্যা সৃষ্টি হলে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অবহিত করার জন্য প্রস্তাব উত্থাপন করেন। | কমিউনিটি ক্লিনিকের স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদানের বিষয়ে কোন ধরনের সমস্যা সৃষ্টি হলে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| **০৫। উপজেলা কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় খরিপ-২/২০২২-২৩ মৌসুমে ২২৪১০ হেক্টর জমিতে রোপা আমন আবাদ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং উৎপাদন লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছে ৬৪৭৮২ মেঃটন। ইতোমধ্যে ১৬৩৮০ হেক্টর জমিতে রোপা আমন রোপন কাজ সম্পন্ন হয়েছে এবং আবাদ কার্যক্রম চলমান। কৃষকগণ যেন প্রযুক্তি ব্যবহার করে (লাইন,লঘু, পাচিং) জমি রোপন করে এ বিষয়ে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সর্বদা কৃষকের পাশে থেকে পরামর্শ প্রদান করে যাচ্ছেন। আশা করা যাচ্ছে এ বছর আবাদ লক্ষ্যমাত্রা অর্জন করা যাবে। | মাঠে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সর্বদা উপস্থিত থেকে কৃষকদের পরামর্শ প্রদান কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| আগষ্ট/২০২৩ মাসে ৮৯৩ মেঃটন ইউরিয়া সারের বরাদ্দ প্রদান করা হয়েছে। অদ্য পর্যন্ত ৭১.৫০ মেঃটন ইউরিয়া সার উত্তোলন সম্পন্ন হয়েছে। সর্বশেষ ডিলার ভিত্তিক রিপোর্ট অনুযায়ী ইউরিয়া ৪৪৮ মেঃটন, টিএসপি ১৫ মেঃটন, ডিএপি ৮৮.৫০ মেঃ টন এবং এমওপি ৫৭.০০ মেঃটন সার মজুদ রয়েছে। আপাতত কোন প্রকার রাসায়নিক সারের ঘাটতি অত্র উপজেলায় নেই। সারের উত্তোলন, মজুদ ও বিক্রয় মনিটরিং জোরদার করা হয়েছে। | কোন ধরনের রাসায়নিক সারের সংকট যেন না হয় এবং দোকান মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| অত্র উপজেলায় প্রথমবারের মত উপজেলা কৃষি অফিসারের উদ্যোগে স্কুল কৃষি চালু হয়েছে। স্কুল, কলেজের কিশোর-কিশোরিদের মাঝে সবজির পুষ্টি গুনাগুন এবং বসতবাড়ির খালি বা পতিত জায়গায় কিভাবে সহজেই কালিকাপুর মডেলে বাগান স্থাপন করে সারা বছর শাক সবজি উৎপাদন করা যায়, এ বিষয়ে উদ্বুদ্ধ করা হচ্ছে। ইতোমধ্যে আটটি হাই স্কুল এবং ১টি প্রাথমিক বিদ্যালয়ে কার্যক্রম সম্পন্ন হয়েছে। অত্র উপজেলার সকল হাইস্কুল, কলেজ, মাদ্রাসায় স্কুল কৃষির কার্যক্রম পরিচালনা করা হবে। সেই সাথে যে সকল প্রতিষ্ঠানে খালি জায়গা রয়েছে সেখানে বাগান করে দেয়ার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | স্কুল, কলেজের কিশোর-কিশোরিদের মাঝে সবজির পুষ্টি গুনাগুন এবং বসতবাড়ির খালি বা পতিত জায়গায় কিভাবে সহজেই কালিকাপুর মডেলে বাগান স্থাপন করা যায় এ বিষয়ে উদ্বুদ্ধ করন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| **০৬। উপজেলা মৎস্য বিভাগ :** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান মৎস্য সংরক্ষণ আইন-১৯৫০ এর আওতায় নান্দাইল উপজেলার বিভিন্ন ইউনিয়নে অভিযান ও মোবাইল কোর্ট এর মাধ্যমে ৮টি চায়না দুয়ারী জাল জব্দ করে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের উপস্থিতিতে জনসম্মুখে পুড়িয়ে ফেলা হয়। আচারগাঁও ইউনিয়নে অভিযান চালিয়ে ৩টি অবৈধ বাঁধ আপসারণ করা হয়। এবং সিংরইল ইউনিয়নে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে অবৈধ বাঁধ আপসারণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। আগামী ২০/০৮/২০২৩ তারিখে উন্মুক্ত জলাশয়ে পোনামাছ অবমুক্তকরন কার্যক্রম সম্পন্ন করা হবে। অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান আছে। | অবৈধ জাল, অবৈধ বাঁধ আপসারণের কার্যক্রম যথারীতি চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>আগামী ২০/০৮/২০২৩ তারিখে উন্মুক্ত জলাশয়ে পোনামাছ অবমুক্তকরন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নান্দাইল।<br><br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নান্দাইল। |
| **০৭। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, এলএসডি রোগ এখন প্রায় এলাকায় দেখা দিচ্ছে। ক্ষুরা রোগ হঠাৎ কোন জায়গায় দেখা দিচ্ছে। ক্ষুরা রোগ প্রতিরোধে পরামর্শ সেবা এবং ভ্যাকসিন কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা প্রাণি সম্পদ কার্যালয়ে ক্ষুরা রোগের পর্যাপ্ত ভ্যাকসিন মজুদ রয়েছে। | ক্ষুরা রোগের বিস্তার যেন না ঘটে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এবং উপজেলা প্রানিসম্পদ কার্যালয় হতে প্রতিটি ইউনিয়নে/এলাকায় গিয়ে ভ্যাকসিন কার্যক্রম প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নান্দাইল। |
| গরু হৃষ্টপুষ্ট করণ প্রকল্পের আওতায় ৩টি ইউনিয়ন থেকে ২৫ জন করে ৭৫ জন খামারী নির্বাচন করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের নিকট থেকে তালিকা নেওয়ার নিমিত্তে মাঠ কর্মীদের নির্দেশনা দেয়া হয়েছে। অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | গরু হৃষ্টপুষ্ট করণ প্রকল্পের আওতায় সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সাথে যোগাযোগ পূর্বক ৭৫ জনের তালিকা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নান্দাইল। |
| **০৮। উপজেলা প্রকৌশল বিভাগ :** উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের গাড়ির নিরাপত্তার জন্য জরুরী ভিত্তিতে একটি গ্যারেজ নির্মাণ করা প্রয়োজন। উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের গাড়ীর গ্যারেজের পশ্চিম পার্শ্বে একটি নতুন গ্যারেজ নির্মাণ করার জন্য প্রস্তাব উত্থাপন করেন। | উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের জন্য গ্যারেজ নির্মান করন কাজটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় ২.০০ (দুই লক্ষ) টাকা ব্যয়ে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে কাজটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী নান্দাইল।<br><br>উপজেলা প্রকৌশলী |

| | | |
|---|---|---|
| | | নান্দাইল। |
| তিনি আরও জানান যে, উপজেলা পরিষদ আবাসিক ভবন নং ৬ এর পূর্ব পার্শ্বে খালি জায়গাতে দীর্ঘ দিন যাবৎ বহিরাগত লোকজন বালির ট্রাক লোড ও আনলোড করে আসছে। উক্ত স্থানে ভারি গাড়ির চলাচলের কারনে উপজেলা পরিষদের কেন্দ্রীয় পানির পাম্পের মেইন লাইনটি ভেঙ্গেগিয়ে পানির ব্যাপক অপচয় ঘটছে। পাম্প মেশিন, পানির লাইন মেরামত ও বিভিন্ন বাসার পানির লাইন, উপজেলা পরিষদ হলরুমসহ পানির লাইন মেরামত করা প্রয়োজন। উপজেলা পরিষদের অভ্যন্তরে কোন ধরণের বালি না রাখার জন্য প্রস্তাব উত্থাপন করেন। | উপজেলা পরিষদ আবাসিক ভবন নং ৬ এর পূর্ব পার্শ্বে খালি জায়গাতে বালি না রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা পরিষদ কেন্দ্রীয় পানির পাম্প উত্তোলন (আবাসিক ভবন ও হলরুমের) মেইন লাইন মেরামত বিভিন্ন বাসা বাড়ীর গেইট বাল্ব ও পানির লাইন মেরামত করন কাজ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা ব্যয়ে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে কাজ বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী নান্দাইল। |
| তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরীণ অফিসার্স কোয়ার্টার, আবাসিক ভবন-৭, ডরমিটরি ভবন এবং আবাসিক ভবন-৬ এর দরজা, জানালা, প্লাস্টার এবং রং ক্ষতিগ্রস্ত হওয়ায় বসবাসের অনুপযোগী হয়েপড়েছে মেরামত করা প্রয়োজন। | উপজেলা পরিষদ গেজেটেড কোয়ার্টার ভবন মেরামত করনের প্রাক্কলন-১৭,০৮,৯৬৬/-, উপজেলা পরিষদ আবাসিক ভবন নং-৭ মেরামত করন-১২,১৬,১৪৩/০৭, উপজেলা পরিষদ ডরমিটরি ভবন মেরামত করন-১১,৫৪,৯২৯/১৭, উপজেলা পরিষদ আবাসিক ভবন নং-৬ মেরামত করন-৯,১৯,৯৬১/৭৫ টাকার প্রাক্কলন সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) রক্ষণাবেক্ষণ খাতের আওতায় নান্দাইল উপজেলা পরিদের ভবন মেরামত সমুহের কাজের অর্থ বরাদ্দ প্রসঙ্গে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর চাহিদা পত্র প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার,নান্দাইল/ উপজেলা প্রকৌশলী, নান্দাইল। |
| ০৯। **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান**, ২০২৩-২০২৪ অর্থবছরে গ্রামীন অবকাঠামো (টিআর) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা, কাবিটা) বরাদ্দ মন্ত্রণালয় থেকে ছাড় করা হয়েছে। জেলা থেকে বরাদ্দ দেয়া হলে অত্র কার্যালয় হতে উপবরাদ্দ দেয়া হবে। ৩৭০ বান্ডিল ঢেউটিন এবং ১১,১০,০০০/- টাকা বিতরন করা হয়েছে।<br>এইচবিবি সড়ক ১.০০ কি.মি. সাধারণ বরাদ্দ পাওয়া গিয়েছে।<br>এইচবিবি সড়ক ১২.০০ কি.মি. প্রস্তাব পাঠানোর জন্য পরিমাপ ও প্রাক্কলন করা হয়েছে। | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নীতিমালা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এইচবিবি সড়ক ১.০০ কি.মি. সাধারণ বরাদ্দের প্রকল্প মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সাথে পরামর্শক্রমে প্রস্তাব প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল। |
| ১০। **উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান**, বর্তমানে ডেঙ্গু রোগের প্রকোপ মহামারী আকার ধারন করেছে। ডেঙ্গু প্রতিরোধে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও অফিস প্রাঙ্গন পরিষ্কার পরিচ্ছন্নসহ ডেঙ্গু উৎপত্তির উৎসস্থল ধ্বংসের পদক্ষেপ নেয়া হয়েছে।<br>কোন প্রতিষ্ঠান অপরিচ্ছন্ন ও এডিস মশার কোন লাভা পাওয়া গেলে জরিমানা ধার্য করা ও সে প্রেক্ষিতে বিভাগীয় শাস্তি মূলক ব্যবস্থা নেয়া হবে মর্মে সবাইকে সর্তক করা হয়েছে। | ডেঙ্গু প্রতিরোধে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও অফিস প্রাঙ্গন পরিষ্কার পরিচ্ছন্নসহ ডেঙ্গু উৎপত্তির উৎসস্থল ধ্বংসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং উক্ত কার্যক্রম অব্যাহত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের ২য় প্রান্তিক মূল্যায়ন ২১/০৮/২০২৩ থেকে ২৯/০৮/২০২৩ এর মধ্যে অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে উপজেলা ভিত্তিক পরীক্ষার রুটিন প্রণয়ন করে বিদ্যালয় পর্যায়ে পৌছে দেয়া হয়েছে। প্রাথমিক, ও ১ম শ্রেণির শিশুদের ধারাবাহিক মূল্যায়ন করা হবে। | প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের ২য় প্রান্তিক মূল্যায়ন পরীক্ষা সফল বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| ৯টি প্রাথমিক বিদ্যালয়ে পরিত্যক্ত/ জরাজীর্ণ ভবন ইতোমধ্যে নিলাম কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়াও যে সকল বিদ্যালয় এরূপ ভবন রয়েছে। সে সব স্কুলের প্রধান শিক্ষকদেরকে আবেদন দাখিল করতে বলা হয়েছে।<br>প্রাথমিক শিক্ষা বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান আছে। | পরবর্তী ধাপে বাকি পরিত্যক্ত/ জরাজীণ প্রাথমিক বিদ্যালয় ভবন নিলামের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| ১১। **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান**, মাধ্যমিক শিক্ষা জাতীয় করনের দাবিতে গত জুলাই/২৩ মাসে শিক্ষকরা সারাদেশে আন্দোলন করে শ্রেণি পাঠদান কার্যক্রম থেকে বিরতছিল। পরবর্তীতে সরকারের উচ্চ মহলের আশ্বাসের ভিত্তিতে শিক্ষকগন আন্দোলন স্থগিত করে শ্রেণী পাঠদান কার্যক্রমে সক্রিয় হয়েছেন। | সুষ্ঠু ও সুন্দর পরিবেশে সকল পরীক্ষা কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং কোন ধরণের সমস্যা সৃষ্টি হলে দ্রুত উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| ২০। চেয়ারম্যান মোয়াজ্জেমপুর ইউনিয়ন পরিষদ জানান যে, প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক এবং শিক্ষিকাগণ ক্লাস রুমে স্মার্ট ফোনে ফেইসবুক, ইউটিউব দেখে। ছাত্র-ছাত্রী তাদের অভিভাবকে এ বিষয়টি অবহিত করেছেন। ক্লাস রুমে শিক্ষক/শিক্ষিকা যেন মোবাইল ফোন ব্যবহার না করে এ বিষয়ে প্রস্তাব উত্থাপন করেন। | ক্লাস রুমে শিক্ষক/শিক্ষিকা যেন মোবাইল ফোন ব্যবহার না করে এ বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| ২১। সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান উপজেলা উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) এর আওতায় অবকাঠামো উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প এর লক্ষ্যে গত ১০/০৮/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত প্রকল্প প্রস্তাবনা অনুমোদন সংক্রান্ত সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নোক্ত ২টি উপ-প্রকল্প বাছাই করা হয়েছে।<br>(১) নান্দাইল উপজেলার বাইপাস হতে চানপুর ঈদগাহ মাঠ হয়ে মেরাকোনা উলুচর এবং পৌরসভা সীমানা হতে সিংদই মৃধাবাড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত প্রধান সড়কের গুরুত্বপূর্ণ স্থানে সোলার প্যানেল সংযুক্ত স্ট্রীট লাইট স্থাপন।<br>(২) নান্দাইল উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা উপকরণ হিসেবে উঁচু-নিচু বেঞ্চ সরবরাহ করন।<br>প্রস্তুতকৃত ২০২৩-২০২৪ অর্থ বছরের উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা উত্থাপন করেন। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প ২টি সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়।<br>২০২৩-২০২৪ অর্থ বছরের উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, নান্দাইল।<br>উপজেলা পরিষদ, নান্দাইল। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(হাসান মাহমুদ জুয়েল)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নান্দাইল, ময়মনসিংহ।

স্মারকনং- ৪৬.৪৫.৬১৭২.০০০.০৬.০০১.২৩-৯৪ তারিখ ঃ-১৬/০৮/২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৪- ময়মনসিংহ- ৯, নান্দাইল।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-১/উপজেলা শাখা-২ বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৫। মেয়র, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ।
৬। জনাব মোঃ সারোয়ার হাসান, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৭। জনাব মনোয়ারা জুয়েল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৮। উপজেলা ---------------------------------------------------- অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান --------------------------------ইউনিয়ন পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
১০। অফিস কপি।

১৬/০৮/২০২৩

(মোহাম্মদ আবুল মনসুর)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নান্দাইল, ময়মনসিংহ।

উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী (মাস: সেপ্টেম্বর/২০২৩)

অধিবেশন:-১৩২

উপদেষ্টা : জনাব আনোয়ারুল আবেদীন খান (তুহিন), মাননীয় জাতীয় সংসদ সদস্য

১৫৪-ময়মনসিংহ-৯, নান্দাইল, ময়মনসিংহ।

সভাপতি : জনাব হাসান মাহমুদ জুয়েল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ২৫ সেপ্টেম্বর ২০২৩।

সময় : বেলা-১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতির অনুরোধক্রমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা পরিষদ জামে মসজিদের সহকারী ইমাম জনাব আবু বক্কর সিদ্দিক। অতঃপর চেয়ারম্যান, উপজেলা পরিষদ নান্দাইল এর অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল কর্তৃক আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ নিম্নবর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। | বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় এবং কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। | সংশ্লিষ্ট সদস্যগণ। |
| ০২। **মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় জানান**, যে সকল জেলেদের জেলে কার্ড হয়েছে তাদেরকে সরকারি বিভিন্ন কর্মসূচিতে (টিসিবিসহ) অগ্রাধিকার দেয়ার পরামর্শ প্রদান করেন।<br>মহেশকুরা আবাসনের দুটি পুকুরে সারা বছর পানি পাওয়া যায়না। এতে করে আবাসনে বসবাস করা মানুষদের পানি প্রাপ্তির জন্য সমস্যায় পড়তে হয়। আবাসনের দুইটি পুকুরের পাশে একটি গভীর নলকূপ প্রয়োজন। এ সমস্যা নিরসনের জন্য বিএডিসি চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনা পূর্বক একটি গভীর নলকূপ অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় অবহিত করেন। সে জন্য উপসহকারী প্রকৌশলী বিএডিসিকে উক্ত সাইট পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন। | যে সকল জেলেদের জেলে কার্ড হয়েছে তাদেরকে সরকারি বিভিন্ন কর্মসূচিতে (টিসিবিসহ) অগ্রাধিকার দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>মহেশকুরা আবাসনের পুকুরের সাইট পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধানগণ (সকল)<br>উপসহকারী প্রকৌশলী, বিএডিসি। |
| ০৩। **উপজেলা নির্বাহী অফিসার জানান** যে, সংগ্রামখেলি সরকারী প্রাথমিক বিদ্যালয় পরিদর্শনকালে দেখা যায় ছাত্র-ছাত্রীদের উপস্থিতি কম। স্কুলে ছাত্র-ছাত্রীদের উপস্থিতি বাড়ানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে পরামর্শ প্রদান করেন।<br>তিনি আরও জানান যে, বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ লুৎফর রহমান পরিচিতি নং-০১৬১০০০৪৭৩৩, বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আব্দুর রাজ্জাক, পরিচিতি নং-০১৬১০০০৩২১৫, বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ এম ওসমান গনি গেজেট নং-২৬৬৮। উক্ত বীর মুক্তিযোদ্ধাগণের নামে রাস্তার নামকরণের জন্য আবেদনপত্র দাখিল করেন। আবেদন পত্র সভায় উত্থাপন করেন। | সকল স্কুলে ছাত্র-ছাত্রীদের উপস্থিতি বাড়ানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গাংগাইল ফিশারীর মোড় হতে মিয়া হোসেন বাজার রাস্তা ভায়া সুন্দাইল শাহজাহান বাজার (রাস্তার আইডি নং-৩৬১৭২৩০১৭) রাস্তাটি বীর মুক্তিযোদ্ধা মোঃ লুৎফর রহমান নামে রাস্তার নামকরণ।<br>নান্দাইল উপজেলার আঠারবাড়ী কবিরপুর আরএন্ডএইচ রাস্তা হতে শিয়ালধরা বাজার রাস্তা ভায়া উত্তর বানাইল বীর মুক্তিযোদ্ধা মোঃ আব্দুর রাজ্জাক এঁর বাড়ীর (আইডিনং-৩৬১৭২৫২৫৬) রাস্তাটি বীর মুক্তিযোদ্ধা মোঃ আব্দুর রাজ্জাক নামে রাস্তার নামকরণ এবং গাংগাইল বাজার মেইন রাস্তা হতে সুরাশ্রম ভায়া পাইকুড়া বাজার পর্যন্ত রাস্তাটি বীর মুক্তিযোদ্ধা এম ওসমান গনি নামে রাস্তার নামকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল।<br>উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল। |
| ০৪। **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান**, ইউনিয়ন পর্যায়ে ৫টি স্বাস্থ্য কেন্দ্র পূর্ণাঙ্গ স্বাস্থ্য সেবা চালু করার বিষয়ে আলোচনা করেন এবং জনবল সংকট রয়েছে।<br>ডেঙ্গু সেবা চলমান আছে। এ পর্যন্ত ১৫৬ জন হাসপাতালে ভর্তি হয়ে সেবা নিয়ে সুস্থ হয়েছে। স্বাস্থ্য কমপ্লেক্সে সকল প্রকার স্বাস্থ্য সেবা চালু আছে হট লাইন ১৬২৬৩,৯৯৯,০১৭৩০,৩২৪৫২৮ এ যোগাযোগের | জনবল নিয়োগের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষে বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>স্বাস্থ্য কমপ্লেক্সে সকল প্রকার স্বাস্থ্য সেবা চালু রয়েছে। প্রয়োজনে হট লাইন | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল।<br>সংশ্লিষ্ট সদস্যগণ |

| | | |
|---|---|---|
| প্রস্তাব করেন। | ১৬২৬৩,৯৯৯,০১৭৩০,৩২৪৫২৮ এ যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| **০৫। উপজেলা কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় খরিপ-২/২০২৩-২৪ মৌসুমে ২২৪১০ হেক্টর জমিতে রোপা আমন আবাদ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় এবং আবাদ অর্জন হয় ২২৪১০ হেক্টর। এবছর ১৯৮০০ হেঃ রোপা আমন জমিতে পাচিং করা হয় এবং ১৮৭৫ হেক্টর জমি লগুপদ্ধতিতে রোপন করা হয়। মাঠে দন্ডায়মান রোপা আমন ফসলের বর্তমান স্তর সর্বোচ্চ কৃষি ৫২%, পিআই ৩৮% থোর ৯% এবং ফুল ১%। স্বল্প মেয়াদি ধান নির্ধারিত সময়ে কেটে তেল ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষে এ বছরও সরিষা আবাদের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আশা করা যাচ্ছে আবহাওয়া অনুকূলে থাকলে নির্ধারিত সময়ে ফসল কর্তন ও বাম্পার ফলন হবে। | মাঠে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সর্বদা উপস্থিত থেকে কৃষকদের পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| অদ্য পর্যন্ত ১৯০ মেঃটন ইউরিয়া সার, টিএসপি ৫৯.৫০ মেঃটন, ডিএপি ৮৭ মেঃ টন এবং এমওপি ৭৩ মেঃটন সার মজুদ রয়েছে। চলতি মৌসুমে কোন প্রকার রাসায়নিক সারের সংকট যেন না হয় সে জন্য মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে। পাশাপাশি ইউরিয়া ও নন-ইউরিয়া সারের আগমনী বার্তা সঠিক সময়ে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে জমা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। | কোন ধরনের রাসায়নিক সারের সংকট যেন না হয় এবং দোকান মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| ২০২৩-২০২৪ অর্থ বছরে মাসকলাই আবাদ উৎপাদন বৃদ্ধি ও গ্রীষ্মকালীন পেঁয়াজ উৎপাদন বৃদ্ধির নিমিত্তে প্রণোদনা পাওয়া গিয়েছে। এ বছর মাসকলাই আবাদের জন্য ১৫০ জন এবং গ্রীষ্মকালিন পেয়াজ আবাদের জন্য ২০ জন কৃষকে অত্র উপজেলায় প্রণোদনা প্রদান করা হবে। ২০২৩-২০২৪ অর্থ বছরে রবি ২০২৩-২০২৪ মৌসুমে অত্র অত্র উপজেলা জন্য ৩৯৪৫ জন কৃষকের মাঝে রবি প্রণোদনা পাওয়া গিয়েছে যার মধ্যে গম ৭০০ জন, ভুট্টা ৭০০জন, সরিষা ২৫০০ জন, সূর্যমুখি ১৫ জন, চিনা বাদাম ১০ জন, পেয়াজ ১০জন এবং মুগ ডাল আবাদের জন্য ১০ জন কৃষকের মাঝে প্রণোদনা বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হবে। ইতোমধ্যে উপজেলা কৃষি পুনবার্সন বাস্তবায়ন কমিটির মিটিং সম্পন্ন হয়েছে এবং প্রতিটি ফসলের ইউনিয়ন ভিত্তিক বিভাজন সম্পন্ন করে উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে তালিকা প্রস্তুতের নির্দেশনা প্রদান করা হয়েছে। উপকরণ প্রাপ্তি স্বাপেক্ষে উপজেলা পরিষদ হতে প্রণোদনা বিতরণ করা হবে। | প্রকৃত কৃষকদের প্রণোদনা তালিকায় অন্তর্ভূক্ত করে সুষ্ঠুভাবে কৃষি প্রণোদনা বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| **০৬। উপজেলা মৎস্য বিভাগ :** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান আগামী ১২ অক্টোবর/২৩ থেকে ২ নভেম্বর/২০২৩ পর্যন্ত মোট ২২ দিন সারাদেশে ইলিশ আহরন, পরিবহন, ক্রয়-বিক্রয়, বাজারজাতকরন, মজুদ, বিনিময় সম্পূর্ণ নিষেধ প্রজননক্ষম/ মা ইলিশ রক্ষার জন্য। গত ১২ সেপ্টেম্বর একটি খুচরা মৎস্য খাদ্য বিক্রেতাকে মৎস্য খাদ্য দোকান নিবন্ধন না করে দোকান পরিচালনার জন্য ৫০০/- জরিমানা করা হয় এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। মৎস্য সংরক্ষণ আইন ১৯৫০ এর আওতায় কারেন্ট জাল প্রতিরোধ এর জন্য একটি মোবাইল কোর্ট পরিচলনা করা হয়। মোবাইল কোর্ট পরিচলনা করেন সহকারী কমিশনার (ভূমি) মহোদয়। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | আগামী ১২অক্টোবর/২৩ থেকে ২নভেম্বর/২০২৩ পর্যন্ত মোট ২২ দিন সারাদেশে ইলিশ আহরন, পরিবহন, ক্রয়-বিক্রয়, বাজারজাতকরন, মজুদ, বিনিময় সম্পূর্ণ নিষেধ। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নান্দাইল। |
| **০৭। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, ১৩টি ইউনিয়ন এবং ১টি পৌরসভায় পিপিআর রোগ নির্মূলের জন্য ছাগল এবং ভেড়ার মধ্যে বিনামূল্যে টিকা প্রয়োগ করা হবে আগামী ৩০/০৯/২০২৩ হতে ০৯/১০/২০২৩ তারিখ পর্যন্ত। | পিপিআর রোগ নির্মূলের জন্য ছাগল এবং ভেড়ার মধ্যে বিনামূল্যে টিকা প্রয়োগ কার্যক্রম সফল বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নান্দাইল। |
| **০৮। উপজেলা প্রকৌশল বিভাগ :** উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূপির (এডিপি) আওতায় প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়নের জন্য টেন্ডার কার্যক্রম চলমান রয়েছে। এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>তিনি আরও জানান যে, উপজেলা পরিষদ কেন্দ্রিয় পানির পাম্প মেশিনটি প্রায় সমসয়েই নষ্ট হয়ে পানি সরবরাহ বন্ধ হয়ে যায়। পানি না থাকায় আবাসিক ভবনে বসবাসকারিসহ অফিসের জনবল সমস্যায় পড়েযায়। বর্তমানে পাম্পটি যে স্থানে আছে সেই স্থানে অনেক বেশি আয়রন থাকায় পাম্পের সমস্যা সৃষ্টি হচ্ছে। এ সমস্যা সমাধানের | নীতিমালা মোতাবেক ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপির (এডিপি) আওতায় প্রকল্প গ্রহণ এবং টেন্ডার কার্যক্রম বাস্তবায়ন নির্দিষ্ট সময়ে সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| জন্য একটি নতুন বরিং করা প্রয়োজন এবং বিকল্প একটি নতুন পাম্পমেশিন ক্রয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব উত্থাপন করেন। | | |
| ০৯। **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান**, ২০২৩-২০২৪ অর্থ বছরে ১ম পর্যায়ের কাবিটা/কাবিখা ও টিআর প্রকল্পের বরাদ্দ অনুযায়ী উপজেলা পরিষদের অনুকূলে কাবিটা ৯৬২৯২৮৬৩ টাকায় ২৬টি প্রকল্প, কাবিখা ৪৬.৪৫৬১ মেঃটন (চাল) ১৪টি প্রকল্প, টি আর ৭৩৭৫১৬২.৮৭ টাকায় ৮৫টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্প তালিকা অনুমোদনের জন্য জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণ করা হবে।<br>অতি দরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসূচীর ১ম পর্যায়ের কাজ অক্টোবর/নভেম্বরে শুরু হবে এজন্য এই সপ্তাহের মধ্যে প্রকল্প গ্রহণ করতে হবে।<br>২০২৩ সালের দূর্গাপুজা উপলক্ষ্যে পৌরসভাসহ ৩২টি পূজা মন্ডপের তালিকা পাওয়া গেছে।<br>২০২৩-২০২৪ অর্থ বছরে ১.০০ কিঃমিঃ এইচবিবি প্রকল্পের বরাদ্দ পাওয়া গিয়েছিল। উক্ত প্রকল্পের টেন্ডার বিজ্ঞপ্তি ঘোষণা হয়েছে। টেন্ডার এর সিডিউল বিক্রিয় শেষ তারিখ ২২/১০/২০২৩ বিকাল ৪.০০ টা পর্যন্ত সিডিউল ড্রপিং ২৩/১০/২০২৩ দুপুর ২.০০ টা পর্যন্ত। | ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম পর্যায়ের কাবিটা/কাবিখা ও টিআর প্রকল্পের বরাদ্দ অনুযায়ী প্রাপ্ত প্রকল্প তালিকা অনুমোদনের লক্ষ্যে জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>অতি দরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসূচীর কাজ দ্রুত শুরু করার লক্ষ্যে এই সপ্তাহের মধ্যে প্রকল্প গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের আওতায় বরদ্দকৃত খাদ্যসশ্য নীতিমালা মোতাবেক ৩২টি পূজা মন্ডপে বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২০২৩-২০২৪ অর্থ বছরের এইচবিবি প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল। |
| ১০। **উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান**, কিছু স্কুলের জমি সংক্রান্ত জটিলতার কারণে স্কুলের বাউন্ডারী ওয়াল নির্মাণ করা যাচ্ছেনা ফলে কাজ স্থগিত রয়েছে এর মধ্যে রয়েছে নান্দাইল প্রাথমিক বিদ্যালয় এবং শেরপুর উত্তর সরকারী প্রাথমিক বিদ্যালয়।<br>তিনি আরও জানান যে, যে সকল স্কুলের ভূমির দলিল প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের নামে রেকর্ড নেই সে সকল ভূমির দলিল সচিব মহোদয়ের নামে রেকর্ড করার জন্য নির্দেশনা এসেছে এবিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান যে, যেসকল প্রাথমিক বিদ্যালয়ের জমি বেদখল রয়েছে বা জমির সমস্যা রয়েছে সে সকল স্কুলের জমির দলিল দেখা এবং সঠিকতা যাচাই করা প্রয়োজন। | যেসকল প্রাথমিক বিদ্যালয়ের জমি বেদখল রয়েছে বা জমির সমস্যা রয়েছে জমির সঠিকতা যাচাইয়ের জন্য উপজেলা নির্বাহী অফিসারের সাথে উপজেলা শিক্ষা কর্মকর্তা দলিলসহ আলোচনা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| ১১। **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান**, নান্দাইল উপজেলার মাধ্যমিক বিদ্যালয় দাখিল মাদ্রাসা ও ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরনের জন্য প্রাপ্ত পাঠ্যপুস্তক বিতরনের জন্য প্রাপ্ত পাঠ্যপুস্তক সংরক্ষনের জন্য কোন গোডাউন না থাকায় বিগত বছর নান্দাইল সরকারী টেকনিক্যাল স্কুল ও কলেজে সংরক্ষণ করা হয়েছিল কিন্তু উক্ত প্রতিষ্ঠানের কক্ষদুটি তাদের প্রয়োজনের জন্য এ বছর পাঠ্যপুস্তক রাখা সম্ভব হচ্ছে না বিধায় ২০২৪ সনের পাঠ্যপুস্তক সংরক্ষনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন।<br>সভাপতি জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় (জাইকা) নান্দাইল পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ে দুই কক্ষ বিশিষ্ট একটি দ্বিতীয় তলা ভবন নির্মাণ করা হয়। উক্ত ভবনের রুমে মাধ্যমিক বিদ্যালয়ের পাঠ্যপুস্তক রাখার কথাছিল এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন। | অত্র উপজেলায় শেখ রাসেল ডিজিটাল ল্যাবের তথ্যদি (কোন কোন স্কুলে স্থাপন হয়েছে এবং কোন কোন স্কুল বাকি রয়েছে) জরুরি ভিত্তিতে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার, নান্দাইল। |
| ১২। **উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান**, স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.২৭.০০৪.২২.৬৪০; তারিখ:১০/৮/২০২৩ মূলে ২০২৩-২০২৪ অর্থবছরে বর্ধিত কোটায় বয়স্ক, বিধবা এবং প্রতিবন্ধি ভাতার অর্থ জিটুপি পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণ, উপকারেভাগী নির্বাচন এবং ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেছেন যে নির্দেশনাটি ইতোমধ্যে সংশ্লিষ্ট সকল ইউপি কমিটির নিকট প্রেরন করা হয়েছে।<br>বর্ণিত পত্রের নির্দেশনা অনুযায়ী ১০/৮/২০২৩ হতে ১০/৯/২০২৩ তারিখ পর্যন্ত mis.bhata.gov.bd/online application লিংকে ভাতার আবেদনের সময়সীমা অতিক্রম হয়েছে। নির্দেশনা মোতাবেক | ১০/৮/২০২৩ হতে আগামী ১০/৯/২০২৩ তারিখ পর্যন্ত mis.bhata.gov.bd/online application লিংকে ভাতার আবেদনগুলি পরিপত্র মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কমিটি |

| | | |
|---|---|---|
| আবেদনের সাথে প্রদানকৃত/উল্লেখিত মোবাইল নম্বরটি হিসাব নম্বর হিসেবে বিবেচিত হবে যা অপরিবর্তনীয় । মোবাইল নাম্বারটি সংশ্লিষ্ট আবেদনকারীর নামে রেজিস্ট্রেশনকৃত হতে হবে এবং সাবধানে এন্ট্রি দিতে হবে । এ সংশ্লিষ্ট কোন ভুল হলে আবেদনকারী ব্যক্তিগতভাবে দায়ী থাকবে ।এ বিষয়ে বিস্তারিত আলোচনা-পর্যালোচনা করা হয় । | | |
| ১৩। **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা** খেলাপি ঋণ আদায়ের বিষয়ে আলোচনা করেন।<br>২০২৩-২০২৪ অর্থ বছরে ১৪টি ব্যাচের মধ্যে ১টি ব্যাচ আচারগাঁও ইউনিয়নে প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।<br>যুব উন্নয়ন বিভাগের আওতায় নেত্রকোনা জেলায় গাড়ি ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহনের জন্য কোন আগ্রহী প্রার্থী থাকলে অত্র অফিসে যোগাযোগ করার জন্য প্রস্তাব উত্থাপন করেন। | খেলাপি ঋণ আদায়ের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গাড়ি ড্রাইভিং প্রশিক্ষণে অংশগ্রহনের জন্য আগ্রহী প্রার্থীদের আবেদন গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |
| ১৪। **উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (বিআরডিবি) জানান,** সেচযন্ত্র/মেয়াদী (ডিটিডব্লিউ ও এসটিডাব্লিউ) ও অন্যান্য ঋণ (ফসলী/শস্য, আবর্তক কৃষি, সদাবিক, বীরমুক্তিযোদ্ধা, পল্লী প্রগতি ও পল্লী উদ্যোক্তা) আদায়ের নিয়মিত কাজ মৌখিক ও লিখিত তাগিদ) চলমান রয়েছে। খেলাপী/বকেয়া ঋণ আদায়ে ইতোপূর্বে ১৬টি সার্টিফিকেট মামলা করা হয়েছিল যার ৪টি নিষ্পত্তি হয়েছে এবং ১২টি অনিষ্পন্ন অবস্থায় রয়েছে এবং প্রক্রিয়া চলমান রয়েছে। বকেয়া ঋণ সন্তোষজনকভাবে আদায় না হওয়ায় (মোট আদায় ০.৩৯ লক্ষ টাকা) ও নতুন তহবিল বরাদ্দ না থাকায় ঋণ বিতরণ নেই।<br>শেয়ার, সঞ্চয় ও অন্যান্য আদায় এবং সাধারণ সভা/উঠান বৈঠক করার মাধ্যমে ১০টি অচল/অকার্যকর সমিতি/দল সচল/কার্যকর করা হয়েছে।<br>কেন্দ্রিয় সমিতি ও প্রাথমিক সমিতিসমূহের ২০২২-২০২৩ সনের অডিট সম্পন্ন হয়নি। প্রাথমিক সমিতির অডিট সম্পন্ন করার জন্য অডিট বরাদ্দ ও নোটিশ/তাগিদ প্রদান করা হয়েছে।<br>বিআরডিবির আওতাধীন নান্দাইল উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিমিটেড (ইউসিসিএলিঃ) এর অন্তবর্তীকালীন কমিটির কার্যক্রম চলমান রয়েছে। কমিটির মেয়াদ আগামী ২০ ডিসেম্বর ২০২৩ শেষ হবে। নির্ধারিত সময়ের মধ্যে নিয়মিত ব্যবস্থাপনা কমিটি গঠনের লক্ষে বিধি মোতাবেক কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>উপজেলা পরিষদ চত্বরে নির্মিত বিআরডিবি মালিকানাধীন জোড়া বাড়ীর বর্তমান বাসা ভাড়া নিয়মিত আদায় হচ্ছে এবং বকেয়া বাসা ভাড়া আদায়ে তাগিদ অব্যাহত থাকায় বকেয়ার আংশিক আদায় হয়েছে। | খেলাপী/বকেয়া ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>শেয়ার, সঞ্চয় ও অন্যান্য আদায় এবং সাধারণ সভা/উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>কেন্দ্রিয় সমিতি ও প্রাথমিক সমিতিসমূহের ২০২২-২০২৩ সনের অডিট কার্যক্রমের প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে নিয়মিত ব্যবস্থাপনা কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>নীতিমালা মোতাবেক জোড়া বাড়ী ভবনের ভাড়া আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |
| ১৫। **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা** নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ও বাল্য বিবাহ প্রতিরোধ কমিটির ইউনিয়ন কমিটির সভার রেজুলেশন ইউনিয়ন থেকে প্রতি মাসের ২০ তারিখের মধ্যে উপজেলা কমিটিতে প্রেরণের জন্য বলা হয়।<br>ভিডাব্লিউবি ভাতাভোগীদের তালিকা প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হয়।<br>কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান আছে।<br>শেলাই প্রশিক্ষনের জন্য প্রশিক্ষনণার্থী নির্বাচন করা হবে এবং প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। | সকল ইউপি চেয়ারম্যানগণকে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ও বাল্য বিবাহ প্রতিরোধ ইউনিয়ন কমিটির সভার সম্পন্ন করে সভার কার্যবিবরণী প্রতি মাসের ২০ তারিখের মধ্যে উপজেলা কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ক্লাবগুলো একটিভ না ক্লাবগুলি একটিভ করার জন্য এবং কোন ক্লাবে কয়টি সভা করা হয়েছে এবিষয়ে তথ্য দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)।<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নান্দাইল। |
| ১৬। **উপজেলা পঃ পঃ কর্মকর্তা জানান যে,** গত সেপ্টেম্বর/২৩ মাসে জাহাঙ্গীরপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র পরিদর্শন করি, কেন্দ্রটি এক তলা ভবন। কেন্দ্রের প্রধান গেইট দিয়ে মানুষ আসা যাওয়া করতে পারেনা। গেটের নিচে পানি জমে থাকায় চলাচলে সমস্যা হচ্ছে। উক্ত স্থানে মাটি ভরাট করা হলে সমস্যাটি সমাধান হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সহযোগিতা কামনা করেন। | কোন কোন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে যন্ত্রপাতি ও জনবলের অভাব রয়েছে তার তালিকা আগামী সভায় উথাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল। |

স্মারকনং- ৪৬.৪৫.৬১৭২.০০০.০৬.০০১.২৩-১০৫

তারিখ ঃ-২৫/০৯/২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :-

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৪- ময়মনসিংহ- ৯, নান্দাইল।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-১/উপজেলা শাখা-২ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মেয়র, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ।
৬। জনাব মোঃ সারোয়ার হাসান, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৭। জনাব মনোয়ারা জুয়েল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৮। উপজেলা ---------------------------------------------------- অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান --------------------------------ইউনিয়ন পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
১০। অফিস কপি।

২৫/০৯/২৩

(অরুন কৃষ্ণ পাল)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নান্দাইল, ময়মনসিংহ।

উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী (মাস: নভেম্বর/২০২৩)

অধিবেশন:-১৩৩

উপদেষ্টা : জনাব আনোয়ারুল আবেদীন খান (তুহিন), মাননীয় জাতীয় সংসদ সদস্য

১৫৪-ময়মনসিংহ-৯, নান্দাইল, ময়মনসিংহ।

সভাপতি : জনাব হাসান মাহমুদ জুয়েল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ২১ নভেম্বর, ২০২৩ খ্রি:।

সময় : বেলা-১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতির অনুরোধক্রমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা পরিষদ জামে মসজিদের সহকারী ইমাম জনাব আবু বক্কর সিদ্দিক। অতঃপর চেয়ারম্যান, উপজেলা পরিষদ নান্দাইল এর অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল কর্তৃক আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ নিম্নবর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। | বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। | সংশ্লিষ্ট সদস্যগণ। |
| ০২। **উপজেলা নির্বাহী অফিসার জানান যে,** ইউনিয়ন পরিষদ নীতিমালা মোতাবেক ট্যাক্স, টোল, লাইসেন্স আদায়ের ফিস ইউনিয়ন পরিষদ তহবিলে জমা করার নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে ইউনিয়ন পরিষদের আয় হতে ব্যয়ের বিধানও রয়েছে। সে মোতাবেক ইউনিয়ন পরিষদের কার্যক্রম আরও বেগবান ও গতিশীল করার লক্ষ্যে উক্ত টেক্স, টোল, লাইসেন্স আদায়ের বিশেষ প্রয়োজনীয়তা রয়েছে। বাসা বাড়ী হতে ট্যাক্স এবং দোকান হতে লাইসেন্স ফিস আদায়ের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে পরামর্শ প্রদান করেন। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম বেগবান ও গতিশীল করার লক্ষ্যে ট্যাক্স, টোল আদায় ও লাইসেন্স প্রদানের জন্য নোটিশ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| গ্রাম আদালত বিষয়ে সরকারি নির্দেশনা একটি এনজিও অত্র উপজেলায় কাজ শুরু করেছে। এনজিও হতে গ্রাম আদালত বিষয়ে প্রত্যেক ইউনিয়ন পরিষদ জনপ্রতিনিধিগণকে ট্রেনিং করানো হবে। গ্রাম আদালত কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | নীতিমালা মোতাবেক গ্রাম আদালত কার্যক্রম সচল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| ০৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, নবজাতক শিশুর নিবন্ধন করার লক্ষ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন ফরম প্রত্যেক ইউনিয়ন পরিষদ ও পৌরসভা হতে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়ে জমা রাখার প্রস্তাব উত্থাপন করেন। | নবজাতক শিশুর নিবন্ধন করার লক্ষ্যে জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন ফরম, মেয়র নান্দাইল পৌরসভা এবং সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়ে ফরম জমা রাখবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র নান্দাইল পৌরসভা/ চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| নিপা ভাইরাস হতে সকলকে সতর্ক থাকার জন্য আহবান জানান। কাঁচা খেজুরের রস হতে নিপা ভাইরাস রোগ সৃষ্টি হয়। কাঁচা খেজুরের রস না খাওয়ার জন্য বিস্তারিত আলোচনা ও পরামর্শ প্রদান করেন। | কাঁচা খেজুরের রস হতে নিপা ভাইরাস রোগ সৃষ্টি হয়। কাঁচা খেজুরের রস না খাওয়ার জন্য সকল জনধারণকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা/ চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| ০৪। **উপজেলা কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ মৌসুমে ২২২৮০ হেক্টর জমিতে বোরো আবাদ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বর্তমানে বোরো ফসলের বীজতলার কাজ চলমান অদ্য পর্যন্ত ৫৩৬ হেক্টর বীজতলা স্থাপন সম্পন্ন হয়েছে। আশা করা যাচ্ছে নির্ধারিত সময়ে বীজতলার কাজ সম্পন্ন হবে। আদর্শ বীজতলা প্রস্তুত করার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকদের পরামর্শ প্রদান করছেন সেই সাথে কৃষকগণ যেন ভাল বীজ সংগ্রহ করতে পারেন সে জন্যও কর্মকর্তাগণ কৃষকদের পরামর্শ প্রদান করে যাচ্ছে। মাঠে দন্ডায়মান রোপা আমন ফসলের বর্তমান স্তর সর্বোচ্চ দানা ২২% পাকা ৬০% এবং কর্তন হয়েছে ১৮%। তেল ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে এ বছর ৬১০ হেক্টর জমিতে সরিষা আবাদ করা হয়েছে যা এ যাবৎ কালের সরিষা আবাদ সর্বোচ্চ বলে কৃষি বিভাগ মনে করছে।<br>২০২৩-২০২৪ অর্থ বছরে রবি ফসল উৎপাদন বৃদ্ধির নিমিত্ত ২০২৩-২০২৪ অর্থ বছরে রবি ২০২৩-২০২৪ মৌসুমে অত্র উপজেলার গম | মাঠে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সর্বদা উপস্থিত থেকে কৃষকদের পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সুষ্ঠুভাবে প্রনোদনা বিতরণ কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>কোন ধরনের রাসায়নিক সারের সংকট যেন না হয় এবং দোকান মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল।<br><br>উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল।<br><br>উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| ৭০০ জন, ভুট্টা-৭০০ জন, সরিষা-২৫০০ জন, সূর্যমুখি ১৫ জন, চিনা বাদাম ১০ জন, শীতকালিন পেঁয়াজ ১০ জন এবং মুগ ডাল আবাদেনের জন্য ১০ জন কৃষকের মাঝে প্রণোদনা বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে। ইতোমধ্যে হাইব্রিড ও উচ্চ ফলনশীল ফসল (উফশী) আবাদ বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির আওতায় (হাইব্রিড ৩৭০০ এবং উফশী ৬০০০) জন কৃষকদের মাঝে প্রণোদনা বিতরণের লক্ষ্যে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির মিটিং সম্পন্ন হয়েছে এবং ইউনিয়ন ভিত্তিক বিভাজন সম্পন্ন করে উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে তালিকা প্রস্তুতের নির্দেশনা প্রদান করা হয়েছে। উপকরণ প্রাপ্তি স্বাপেক্ষে উপজেলা পরিষদ হতে প্রণোদনা বিতরণ করা হবে<br>বর্তমানে বিভিন্ন রাসায়নিক সারের মজুদ সন্তোষ জনক। অদ্য পর্যন্ত ইউরিয়া ১৯২ মেঃটন, টিএসপি-৯৬ মেঃটন, ডিএপি-১২৭ মেঃটন, এবং এমওপি-৭৭ মেঃটন সার মজুদ রয়েছে। চলতি মৌসুমে কোন প্রকার রাসায়নিক সারের সংকট যেন না হয় সে জন্য মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে। পাশাপাশি ইউরিয়া ও নন-ইউরিয়া সারের আগামনী বার্তা সঠিক সময়ে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে জমা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। | | |
| ০৫। **উপজেলা মৎস্য বিভাগ :** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান নভেম্বর/২০২৩ মাসে ৩টি ব্যাচে ২০ জন করে মোট ৬০ জন চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মৎস্য চাষ বিষয়ে। অতিবৃষ্টির কারনে যে দূর্যোগ ছিল তা ইতিমধ্যে চাষীরা কাটিয়ে উঠতে পেরেছেন। শীতকালীন মাছের পরিচর্যার জন্য পরিমাণ মতো চুন এবং লবন প্রয়োগ করতে হবে। মৎস্য সংরক্ষণ আইন-১৯৫০ এবং মৎস্য ও পশু খাদ্য আইন-২০১০ এর আওতায় নিয়মিতভাবে মৎস্য খাদ্যের খুচরা দোকানগুলোর পরিদর্শন এবং নবায়ন ও নিবন্ধনের কাজ চলছে।<br>মৎস্য অধিদপ্তরের অন্যান্য কার্যক্রমগুলো স্বাভাবিকভাবেই চলছে। | শীতকালীন মাছের পরিচর্যার জন্য পরিমান মতো চুন এবং লবন প্রয়োগ বিষয়ে চাষিদের সেবা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নান্দাইল। |
| ০৬। **উপজেলা প্রকৌশল বিভাগ :** উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি জানান যে, এডিপি কার্যক্রম চলমান রয়েছে। তিনি কাজের অগ্রগতি বিষয়ে আলোচনা করেন।<br>আমোদাবাদ ৪৫ মিটার ব্রীজের এপ্রোচ কাজ নিয়ে আলোচনা করেন। | ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি এর আওতায় সকল উন্নয়ন মূলক কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী নান্দাইল। |
| ০৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষন (টিআর) কর্মসূচীর ২য় পর্যায়ের নগদ অর্থ/খাদ্যশস্যের বিভাজন দেয়া হয়েছে অতি দ্রুত প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি অত্র দপ্তরে জমা দেয়ার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগকে অনুরোধ করেন। | গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষন (টিআর) কর্মসূচীর ২য় পর্যায়ের প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালিয়ে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| টিআর/কাবিখা/কাবিটা প্রকল্পের ১ম পর্যায়ের কাজ এখনো সম্পন্ন হয় নাই। দ্রুত কাজ সম্পন্ন করে আমাদের অবহিত করলে আমরা সরজমিনে পরিদর্শন করে অবশিষ্ট অর্থ ও খাদ্যশস্য ছাড় করা হবে। | টিআর/কাবিখা/কাবিটা প্রকল্পের ১ম পর্যায়ের কাজ দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| ২০২৩-২০২৪ অর্থ বছরের অতি দরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসূচীর ১ম পর্যায়ের কাজ শুরু করার কথা থাকলেও শুরু করা সম্ভব হচ্ছে না। কারণ সকল ইউনিয়ন হতে প্রকল্প তালিকা ও লেবার তালিকা পাওয়া যায়নি। যে সকল ইউনিয়ন এখনও জমা দেন নাই দ্রুত জমা দিবেন এবং পরবর্তী সপ্তাহ হতে কাজ করার বিষয়ে আলোচনা করেন। | যে সকল ইউনিয়ন এখনও জমা দেন নাই সে সকল ইউনিয়ন অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর প্রকল্প তালিকা ও লেবার তালিকা দ্রুত উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে জমা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (সংশ্লিষ্ট) ইউনিয়ন পরিষদ । |
| ০৮। **উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান,** প্রাথমিক পর্যায়ে বিনামূল্যে পাঠ্যবই প্রাক-প্রাথমিক ১ম, ৪র্থ ও ৫ম শ্রেণির সকল পাঠ্যপুস্তক পাওয়া গেছে। ২য় ও ৩য় শ্রেণির বই পাওয়া যায়নি। ডিসেম্বরে ২০ তারিখের মধ্যে স্কুল পর্যায়ে বিতরণ করা হবে। ১লা জানুয়ারি ২০২৪ সনে বিনামূল্যে নতুন বই বিতরণ উৎসব উদযাপনের বিষয়ে আলোচনা করেন। | ১লা জানুয়ারি ২০২৪ সনে বিনামূল্যে নতুন বই বিতরণ উৎসব সুন্দর ও সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| ৩য় প্রান্তিক মূল্যায়ন ২০/১১/২০২৩ হতে ২৯/১১/২০২৩ পর্যন্ত চলবে। ১ম শ্রেণিতে শতভাগ ধারাবাহিক মূল্যায়ন চলমান রয়েছে। জাতীয় শিক্ষাক্রম বিস্তরণ বিষয়ক প্রশিক্ষণ চলমান রয়েছে। সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষকগণ এ প্রশিক্ষণ পাবেন। নান্দাইল উপজেলাকে শতভাগ স্কাউটিং আওতায় আনার নিমিত্ত নভেম্বর মাসে ওরিয়েন্টেশন হয়েছে। ডিসেম্বর মাসে বেসিক কোর্স | ৩য় প্রান্তিক মূল্যায়ন পরীক্ষা সুষ্ঠু ও সুন্দারভাবে অনুষ্ঠিত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>নান্দাইল উপজেলায় কাব স্কাউট কার্যক্রম বেগবান করার জন্য কাবলিডার নেই এমন বিদ্যালয়ের ১জন করে শিক্ষক নিয়ে কাব স্কাউট ওরিয়েন্টেশন প্রোগ্রাম সফল বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| সম্পন্ন করার পরিকল্পনা রয়েছে। | | |
| ০৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৪ সাল থেকে ৮ম ও ৯ম শ্রেণিতে নতুন কারিকুলাম বাস্তবায়ন শুরু হবে। সে প্রেক্ষিতে অত্র উপজেলায় যে সকল স্কুল ও মাদ্রাসায় পাঠদান করা হয় সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের প্রশিক্ষণ আগামী ০১-১৪ ডিসেম্বরের মধ্যে সম্পন্ন হবে। উল্লেখ্য ২০২৩ সাল থেকে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে নতুন কারিকুলাম বাস্তবায়িত হচ্ছে অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | নীতিমালা মোতাবেক ২০২৪ সাল থেকে ৮ম ও ৯ম শ্রেণিতে নতুন কারিকুলাম বাস্তবায়নের লক্ষ্যে স্কুল ও মাদ্রাসার শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণকে আগামী ০১ডিসেম্বর/২৩ হতে ১৪ ডিসেম্বর/২০২৩ পর্যন্ত প্রশিক্ষণ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| ১০। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরে ১৪টি ব্যাচে ৪২টি বিষয়ে (১৩টি ইউনিয়ন ও একটি পৌরসভাসহ) প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী ভর্তির আবেদন আগামী ডিসেম্বর/২৩ পর্যন্ত গ্রহণ করা হবে।<br>যুব উন্নয়ন বিভাগের আওতায় নেত্রকোনা জেলায় গাড়ি ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহনের জন্য কোন আগ্রহী প্রার্থী থাকলে অত্র অফিসে যোগাযোগ করার জন্য প্রস্তাব উত্থাপন করেন।<br>খেলাপী ঋণ আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রশিক্ষণের সিডিউল মোতাবেক সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গাড়ি ড্রাইভিং প্রশিক্ষণে অংশগ্রহনের জন্য আগ্রহী প্রার্থীদের আবেদন গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল, ময়মনসিংহ।<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল, ময়মনসিংহ। |
| ১১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (বিআরডিবি) জানান, বিআরডিবির আওতাধীন নান্দাইল উপজেলা কেন্দ্রীয় সমবায় লিমিটেড (ইউসিসিএ লিঃ) এর দীর্ঘদিন পর অন্তবর্তীকালীন কমিটির কার্যক্রম চলমান রয়েছে। কমিটির মেয়াদ আগামী ২১ ডিসেম্বর ২০২৩ শেষ হবে।<br>আগামী ১৯ডিসেম্বর ২০২৩ তারিখ নান্দাইল ইউসিসিএ লিঃ এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠান করার লক্ষ্যে বিধি মোতাবেক কার্যক্রম চলমান রয়েছে; অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |
| ১২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ভিডব্লিউবি ভাতা প্রতিমাসে বিতরণ বিষয়ে আলোচনা করেন।<br>মা ও শিশু ভাতার প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে উপজেলা কমিটিতে প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানদের বলা হয়। গাংগাইল ইউনিয়নের তালিকা নিয়ে অভিযোগ থাকায় তালিকা অনুমোদনে সমস্যা সৃষ্টি হচ্ছে।<br>কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান আছে। | মা ও শিশু ভাতার তালিকা নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট অফিসে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উক্ত ভাতার অর্থ সংশ্লিষ্ট ভাতাভোগীর ব্যাংক হিসাব নাম্বারে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)।<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নান্দাইল |
| ১৩। উপজেলা পঃ পঃ কর্মকর্তা জানান যে, পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। পূর্বের মাসের চেয়ে নভেম্বর/২০২৩ মাসের অগ্রগতি বৃদ্ধি পেয়েছে। গত মাসের অগ্রগতি প্রতিবেদন সভায় উত্থাপন করেন। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র গুলোতে আসবাবপত্র প্রয়োজন। স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগনের সহযোগিতা কামনা করেন। | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র গুলোতে আসবাবপত্র সরবরাহের প্রয়োজনীয় চাহিদা পত্র উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল। |
| ১৪। সহকারী প্রোগ্রামার জানান যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় নান্দাইল উপজেলা প্রশাসনিক ভবনের পঞ্চম তলায় উর্ধ্বমুখী সম্প্রসারণের মাধ্যমে জয় সেট সেন্টার স্থাপনের কাজ দ্রুত আরম্ভ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।<br>নান্দাইল উপজেলায় স্থাপিত ৩৯টি শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ সঠিকভাবে পরিচালনা ব্যবহার ও রক্ষণাবেক্ষণের জন্য শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগনকে "আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলস্যুটিং ও মেইনটেনেন্স" বিষয়ক ১০ দিন ব্যাপি প্রশিক্ষণ নান্দাইল পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের ল্যাবে ৮ম ব্যাচের মাধ্যমে ১৬৫ জন শিক্ষক প্রশিক্ষণ গ্রহণ করেছেন।<br>স্ব স্ব ওয়েব পোর্টাল ও ডি-নথি সিস্টেম চালু রাখার বিষয়ে প্রতিটি দপ্তরকে অনুরোধ করেন।<br>ওয়েব পোর্টাল ও ডি-নথি সরাসরি বার্ষিক কার্মপরিকল্পনা চুক্তির সাথে সম্পর্কিত। | প্রকল্পের কাজ দ্রুত আরম্ভ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) ও সহকারী প্রোগ্রামার, নান্দাইল। |
| ১৫। উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি) জানান যে, ২০২৩-২০২৪ বোরো মৌসুমে সেচ যন্ত্রের লাইসেন্সের আবেদন পড়েছে | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি) নান্দাইল। |

| | | |
|---|---|---|
| ২১.১১.২৩ তারিখ পর্যন্ত ৮০ টি আবেদন প্রক্রিয়া চলমান। পাশাপাশি আবেদনের প্রেক্ষিতে পরিদর্শন পূর্বক উপজেলা সেচ কমিটি বরাবর পরিদর্শন রিপোর্ট উপস্থাপন করা হবে। | | |
| ১৬। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, উপজেলা কৃষি অফিসের আওতায় প্রাপ্ত প্রনোদনাগুলি প্রকৃত কৃষকদের দেয়ার প্রস্তব উত্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা কৃষি অফিসের আওতায় প্রাপ্ত প্রনোদনাগুলি সঠিক সময়ে এবং প্রকৃত কৃষকদের দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| ১৭। সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু ও সুন্দর পরিবেশে উদযাপনের লক্ষ্যে সকল ইউপি চেয়ারম্যানসহ বিভাগীয় কর্মকর্তাগণের সহযোগিতা কামনা করেন।<br>বাংলাদেশের উন্নয়নের গতি ও স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে আবারও জননেত্রী শেখ হাসিনা মহোদয়কে বাংলাদেশের প্রধান মন্ত্রী হিসেবে বিজয়ী করার আশা ব্যক্ত করেন। | আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু ও সুন্দর পরিবেশে উদযাপনের লক্ষ্যে সকল ইউপি চেয়ারম্যানসহ বিভাগীয় কর্মকর্তাগণ সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)/ বিভাগীয় কর্মকর্তাগণ। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১/১১/২৩

(হাসান মাহমুদ জুয়েল)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নান্দাইল, ময়মনসিংহ।

স্মারকনং- ৪৬.৪৫.৬১৭২.০০০.০৬.০০১.২৩-১১৫ তারিখ ঃ-২১/১১/২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :-

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৪- ময়মনসিংহ- ৯, নান্দাইল।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-১/উপজেলা শাখা-২ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মেয়র, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ।
৬। জনাব মোঃ সারোয়ার হাসান, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৭। জনাব মনোয়ারা জুয়েল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৮। উপজেলা -------------------------------------------------- অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান --------------------------------ইউনিয়ন পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
১০। অফিস কপি।

২১/১১/২৩
(অরুন কৃষ্ণ পাল)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নান্দাইল, ময়মনসিংহ।

উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী (মাস: ডিসেম্বর/২০২৩)

অধিবেশন:-১৩৪

উপদেষ্টা : জনাব আনোয়ারুল আবেদীন খান (তুহিন), মাননীয় জাতীয় সংসদ সদস্য

১৫৪-ময়মনসিংহ-৯, নান্দাইল, ময়মনসিংহ।

সভাপতি : জনাব হাসান মাহমুদ জুয়েল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ২১ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ।

সময় : বেলা-১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতির অনুরোধক্রমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা পরিষদ জামে মসজিদের সহকারী ইমাম জনাব আবু বক্কর সিদ্দিক। অতঃপর চেয়ারম্যান, উপজেলা পরিষদ নান্দাইল এর অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ নিম্নবর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। | বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। | সংশ্লিষ্ট সদস্যগণ। |
| ০২। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, জুলাই/২০২২ থেকে এ পর্যন্ত অপারেশন হয়েছে ৪১০টি।<br>ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন ৯৯% অর্জন হয়েছে।<br>নির্বাচন কালীন প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। | অপারেশন কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল। |
| ০৩। **উপজেলা কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, খরিপ-২/২০২৩-২৪ মৌসুমে রোপাআমন ফসল কর্তন সম্পন্ন হয়েছে এবং উৎপাদন হয়েছে ৩৮৯৯৩.০০ মেঃটন চাল। ২০২৩-২০২৪ অর্থ বছরে রবি/২০২৩-২৪ মৌসুমে অত্র উপজেলায় ২২২৮০ হেক্টর জমিতে বোরো আবাদ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। অত্র উপজেলায় ১২৭৮ হেঃ জমিতে বীজতলা করা হয়েছে। অদ্য পর্যন্ত ৫৮ হেঃ জমি বোরো রোপন হয়েছে। উপসহকারী কৃষি কর্মকর্তাগণ লাইন এবং লঘু পদ্ধতিতে চারা রোপনে কৃষকদের উদ্বুদ্ধ করতে কৃষকদের পাশে থেকে সর্বদা পরামর্শ প্রদান করে যাচ্ছে। আশা করা যাচ্ছে এ বছরও লক্ষ্যমাত্রা অতিক্রম করবে। | মাঠে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সর্বদা উপস্থিত থেকে কৃষকদের পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| ২০২৩-২০২৪ অর্থ বছরে রবি মৌসুমে বিভিন্ন জাতের শাক সবজি আবাদ বৃদ্ধির লক্ষ্যে ১০০০ জন কৃষকের মাঝে শাক-সবজি প্রণোদনা কর্মসূচি পাওয়া গিয়েছে। প্রণোদনা বিতরণের লক্ষ্যে উপজেলা কৃষি পুনবার্সন বাস্তবায়ন কমিটির মিটিং সম্পন্ন হয়েছে এবং ইউনিয়নে ব্লক ভিত্তিক বিভাজন সম্পন্ন করে উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে তালিকা প্রস্তুতের নির্দেশনা প্রদান করা হয়েছে। উপকরণ প্রাপ্তি স্বাপেক্ষে উপজেলা পরিষদ হতে প্রণোদনা বিতরণ করা হবে। | সুষ্ঠুভাবে প্রনোদনা বিতরণ কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| বর্তমানে বিভিন্ন রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক। ডিসেম্বর/২০২৩ মাসে ৮৭১ মেঃটন ইউরিয়া সার বরাদ্দ প্রদান করা হয়েছে। অদ্য পর্যন্ত ৩২৫ মেঃটন ইউরিয়া সার মিল এবং বাফার থেকে উত্তোলন হয়েছে এবং মজুদ রয়েছে ৫০৯ মেঃটন ইউরিয়া সার। বাকি সারের টাকা ডিলারগণ জমা প্রদান করেছেন আশা করা যাচ্ছে দ্রুত সময়ের মধ্যেই অনুত্তোলিত সার উত্তোলন হয়ে যাবে। সার দ্রুত উত্তোলনের জন্য ডিলারগণকে তাগিদ প্রদান করা হচ্ছে। নন-ইউরিয়া সারের মধ্যে অদ্য পর্যন্ত মজুদ রয়েছে টিএসপি-৮১ মেঃটন, ডিএপি-১৭২ মেঃটন, এবং এমওপি-১০৪ মেঃটন। চলতি রবি মৌসুমে কোন প্রকার রাসায়নিক সারের সংকট যেন না হয় সে জন্য মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে। প্রতিটি বিসিআইসি সারের দোকানে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ প্রতিনিয়ত উপস্থিত থেকে কৃষকদের মাঝে ন্যায্য মূল্যে সার বিক্রয় করার জন্য সিডিউল ডিউটি প্রদান করা হয়েছে। পাশাপাশি ইউরিয়া ও নন-ইউরিয়া সারের আগমনী বার্তা সঠিক সময়ে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে জমা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। | কোন ধরণের রাসায়নিক সারের সংকট যেন না হয় এবং দোকান মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| ০৪। **উপজেলা মৎস্য বিভাগ :** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান মৎস্য অধিদপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নান্দাইল। |
| ০৫। **উপজেলা প্রকৌশল বিভাগ :** উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি | ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি এর আওতায় সকল | উপজেলা প্রকৌশলী |

| | | |
|---|---|---|
| [illegible] কার্যক্রম চলমান রয়েছে। তিনি কাজের অগ্রগতি বিষয়ে আলোচনা করেন এবং সমাপ্ত প্রকল্পের কাজের বিল চলমান রয়েছে | উন্নয়ন মূলক কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নান্দাইল। |
| ০৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষন (টিআর) কর্মসূচীর ১ম পর্যায়ের কাজ শেষ করা হয়েছে।<br>গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষন (টি আর) কর্মসূচীর ২য় পর্যায়ের সাধারন বরাদ্দের প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটিতে অনুমোদনের বিষয়ে আলোচনা করেন।<br>কম্বল বিতরণের বিষয়ে আলোচনা করেন। | গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টি আর) কর্মসূচীর ২য় পর্যায়ের সাধারন বরাদ্দের প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটিতে অনুমোদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>কম্বল বিতরণের ক্ষেত্রে জাতীয় সংসদ নির্বাচনের পরে বিতরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| ০৭। উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, আগামী ১ জানুয়ারি/২০২৪ বই উৎসব পালিত হবে। ইতোমধ্যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শতভাগ পাঠ্যবই পৌঁছে দেয়া হয়েছে।<br>২০২৩ সনে নতুন কারিকুলামের আওতায় ১ম শ্রেণিতে শতভাগ ধারাবাহিক মূল্যায়ন এবং ২০২৪ সনে ২য় ও ৩য় শ্রেণিতে শতভাগ ধারাবাহিক মূল্যায়নের জন্য নতুন পাঠ্যবই প্রণীত হয়েছে। নতুন কারিকুলাম বাস্তবায়নের জন্য শতভাগ শিক্ষকের কারিকুলাম প্রশিক্ষণ চলছে। | ১ জানুয়ারি ২০২৪ সনে বিনামূল্যে নতুন বই বিতরণ উৎসব সুন্দর ও সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| নান্দাইল উপজেলাকে শতভাগ স্কাউটিং এর আওতায় আনার জন্য যে সকল বিদ্যালয়ে কাব স্কাউট লিডার নেই সে সকল বিদ্যালয়ের ১জন করে শিক্ষকের ওরিয়েন্টেশন প্রশিক্ষণ হয়েছে।<br>দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের পরপরই বেসিক কোর্সের আয়োজন পরিকল্পনা রয়েছে।<br>উপজেলা শিক্ষা অফিসে প্রবেশের রাস্তাটি নীচে এবং প্রচুর বালিপূর্ণ বিধায় যাতায়াতে খুব সমস্যা হচ্ছে। এই রাস্তাটিতে মাটি ভরাট করে সোলিং করা খুব জরুরি। এ ব্যাপারে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সহযোগিতা কামনা করেন। | ৩য় প্রান্তিক মূল্যায়ন পরীক্ষা সুষ্ঠ ও সুন্দরভাবে অনুষ্ঠিত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>নান্দাইল উপজেলায় কাব স্কাউট কার্যক্রম বেগবান করার জন্য কাবলিডার নেই এমন বিদ্যালয়ের ১জন করে শিক্ষক নিয়ে কাব স্কাউট ওরিয়েন্টেশন প্রোগ্রাম সফল বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| ০৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার মোট চাহিদা ৮১% বিনা মূল্যে বিতরণের জন্য পাঠ্য পুস্তক পাওয়া গিয়াছে। প্রাপ্ত পাঠ্যপুস্তক সকল শিক্ষা প্রতিষ্ঠানে পৌছানো হয়েছে। আগামী ১ জানুয়ারি/২০২৪ সকল শিক্ষা প্রতিষ্ঠানে পাঠ্য পুস্তক উৎসব দিবস পালন করা হবে। ২০২৪ সাল থেকে ৮ম ও ৯ম শ্রেণিতে নতুন কারিকুলাম বাস্তবায়িত হবে। সে লক্ষ্যে সকল শিক্ষকদের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | নীতিমালা মোতাবেক ২০২৪ সাল থেকে ৮ম ও ৯ম শ্রেণিতে নতুন কারিকুলাম বাস্তবায়নের লক্ষ্যে স্কুল ও মাদ্রাসার শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণকে আগামী ১ ডিসেম্বর/২৩ হতে ১৪ ডিসেম্বর/২০২৩ পর্যন্ত প্রশিক্ষণ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| ০৯। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরে ১৪টি ব্যাচে ৪২টি বিষয়ে (১৩টি ইউনিয়ন ও একটি পৌরসভাসহ) প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী ভর্তির আবেদন ডিসেম্বর/২৩ পর্যন্ত গ্রহণ করা হবে।<br>যুব উন্নয়ন বিভাগের আওতায় নেত্রকোনা জেলায় গাড়ি ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহনের জন্য কোন আগ্রহী প্রার্থী থাকলে অত্র অফিসে যোগাযোগ করার জন্য প্রস্তাব উত্থাপন করেন।<br>খেলাপী ঋণ আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রশিক্ষণের সিডিউল মোতাবেক সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গাড়ি ড্রাইভিং প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য আগ্রহী প্রার্থীদের আবেদন গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল, ময়মনসিংহ।<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল, ময়মনসিংহ। |
| ১০। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (বিআরডিবি) জানান, বিআরডিবির আওতাধীন নান্দাইল, উপজেলা কেন্দ্রীয় সমবায় লিমিটেড (ইউসিসিএ লিঃ) এর দীর্ঘদিন পর গত ১৯/১২/২০২৩ খ্রিঃ ব্যবস্থাপনা কমিটির নির্বাচন সম্পন্ন হয়েছে।<br>নান্দাইল ইউসিসিএ লিঃ এর নবনির্বাচিত সভাপতিকে উপজেলা পরিষদের মাসিক সভায় কো-অপ্ট সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার জন্য প্রস্তাব উত্থাপন করেন।<br>অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.১২-৭৩৪ তারিখ-২৪/০৯/২০২০ পত্র মূলে উপজেলা পরিষদের সদস্য হিসেবে উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি (ইউসিসিএ) সভাপতিকে উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) [২০০৯ সনের ৩০ জুন পর্যন্ত সংশোধিত] উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ২১ নং আইন) অনুযায়ী অন্তর্ভুক্ত করণের সুযোগ না থাকায় প্রস্তাবটি বিবেচনা করা গেল না মর্মে নির্দেশক্রমে অবহিত করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| ১১। **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা** কিশোর কিশোরি ক্লাবে ২০২৪ অর্থ বছরের সদস্য নির্বাচন চলমান।<br>ভিডব্লিউবি ভাতা প্রতিমাসে বিতরণ করার বিষয়ে আলোচনা করেন।<br>মা ও শিশু ভাতার গাংগাইল ইউনিয়নের তালিকা নিয়ে অভিযোগ থাকায় তালিকা অনুমোদনে সমস্যা সৃষ্টি হচ্ছে।<br>সেলাই প্রশিক্ষণের প্রশিক্ষণার্থী নির্বাচন বিষয়ে আলোচনা করেন। | মা ও শিশু ভাতার তালিকা নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট অফিসে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উক্ত ভাতার অর্থ সংশ্লিষ্ট ভাতাভোগীর ব্যাংক হিসাব নাম্বারে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)।<br><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নান্দাইল |
| ১২। **উপজেলা পঃ পঃ কর্মকর্তা জানান যে,** পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। নভেম্বর/২০২৩ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন অনুযায়ী সক্ষম দম্পতি ৮৫,৬৪০ জন এবং গ্রহন কারীর সংখ্যা ৬৬৮৯, ৭৭.৮৪% ডেলিভারী এবং এসবিএ দ্বারা প্রসব সেবা ০৮ জন। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ১০ জন। স্থায়ী পদ্ধতি নেই, ইমপ্ল্যান্ট গ্রহিতার সংখ্যা ৮২ জন ও কপারটি ১৭ জন। বেতাগৈর ও চন্ডীপাশা ইউনিয়নে ২টি কেন্দ্রে সেবা কার্যক্রম চালমান রয়েছে। নান্দাইল উপজেলার ইউনিয়ন পর্যায়ের পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম অব্যাহত আছে। | নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল। |
| ১৩। **সহকারী প্রোগ্রামার জানান যে,** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় নান্দাইল উপজেলা প্রশাসনিক ভবনের পঞ্চম তলায় উর্দ্ধমুখী সম্প্রসারণের মাধ্যমে জয় সেট সেন্টার স্থাপনের কাজ দ্রুত আরম্ভ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | প্রকল্পের কাজ দ্রুত আরম্ভ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) ও সহকারী প্রোগ্রামার, নান্দাইল। |
| স্কুল অব ফিউচার প্রাপ্ত প্রতিষ্ঠান নান্দাইল পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়ের ৯০ জন ছাত্রীকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মাধ্যমে পাইথন প্রোগ্রামিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। জানুয়ারি/২০২৪ থেকে নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টাল ও ডি নথি সিস্টেম যথাযথভাবে হালনাগাদ করার জন্য অনুরোধ জানান।<br><br>ওয়েব পোর্টাল ও ডি নথি সরাসরি বার্ষিক কার্যপরিকল্পনা চুক্তির সাথে সম্পর্কিত। | নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টাল ও ডি নথি সিস্টেম যথাযথভাবে হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল)। |
| ১৪। **উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি) জানান যে,** প্রাপ্ত নতুন ১৫৭টি আবেদনের কার্যক্রম চলমান রয়েছে। আগামী ২৯/১২/২০২৩ তারিখ হতে নতুন লাইসেন্সের জন্য আবেদনপত্র গ্রহণ করা হবে না। | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি) নান্দাইল। |
| ১৫। **বন কর্মকর্তা ঃ** সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্রে বন বিভাগের নার্সারীতে ২০২৩-২০২৪ আর্থিক সনে জনসাধানের নিকট স্বল্পমূল্যে বিক্রয়ের জন্য ২০০০টি চারা উত্তোলনের কার্যক্রম চলমান এবং মাননীয় সংসদ মহোদয়ের মাধ্যমে বিনামূল্যে বিতরণের জন্য ৫০০০ (পাঁচ হাজার) টি চারা উত্তোলনের কার্যক্রম গ্রহণ করা হইয়াছে। যাহা ২০২৩-২০২৪ আর্থিক সনে বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হবে। | নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | বন কর্মকর্তা, নান্দাইল। |
| ১৬। **সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান** আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠ ও সুন্দর পরিবেশে উদযাপনের লক্ষ্যে সকল ইউপি চেয়ারম্যানসহ বিভাগীয় কর্মকর্তাগণের সহযোগিতা কামনা করেন। | আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠ ও সুন্দর পরিবেশে উদযাপনের লক্ষ্যে সকল ইউপি চেয়ারম্যানসহ বিভাগীয় কর্মকর্তাগণ সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)/ বিভাগীয় কর্মকর্তাগণ। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক উপস্থিত সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১/১২/২৩

(হাসান মাহমুদ জুয়েল)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নান্দাইল, ময়মনসিংহ।

স্মারকনং- ৪৬.৪৫.৬১৭২.০০০.০৬.০০১.২৩-১২৩ তারিখ ঃ-২১/১২/২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :-

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৪- ময়মনসিংহ- ৯, নান্দাইল।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-১/উপজেলা শাখা-২ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মেয়র, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ।
৬। জনাব মোঃ সারোয়ার হাসান, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৭। জনাব মনোয়ারা জুয়েল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৮। উপজেলা ------------------------------------------------------- অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান -----------------------------------ইউনিয়ন পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ
১০। অফিস কপি।

২১/১২/২৩

(অরুন কৃষ্ণ পাল)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নান্দাইল, ময়মনসিংহ।

উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী (মাস: অক্টোবর/২০২৩)

অধিবেশন:-১৩২

উপদেষ্টা : জনাব আনোয়ারুল আবেদীন খান (তুহিন), মাননীয় জাতীয় সংসদ সদস্য

১৫৪-ময়মনসিংহ-৯, নান্দাইল, ময়মনসিংহ।

সভাপতি : জনাব হাসান মাহমুদ জুয়েল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ২৬ অক্টোবর, ২০২৩ খ্রি:।

সময় : বেলা-১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতির অনুরোধক্রমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা পরিষদ জামে মসজিদের সহকারী ইমাম জনাব আবু বক্কর সিদ্দিক। অতঃপর চেয়ারম্যান, উপজেলা পরিষদ নান্দাইল এর অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল কর্তৃক আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ নিম্ন বর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **০১। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন।** | **বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় এবং কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।** | **সংশ্লিষ্ট সদস্যগণ।** |
| **০২। উপজেলা নির্বাহী অফিসার জানান যে,** শিক্ষা প্রতিষ্ঠানে নতুন ভবন নির্মান কাজের কোন সমস্যা দেখাদিলে নিয়ম অনুযায়ী লিখিতভাবে জানানোর পরামর্শ প্রদান করেন। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। শিক্ষা প্রতিষ্ঠানে নতুন ভবন নির্মান কাজের কোন সমস্যা দেখাদিলে নিয়ম অনুযায়ী লিখিতভাবে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| মসজিদ ভিত্তিক শিক্ষা কার্যক্রম আরও বেগবান করার লক্ষ্যে সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন নান্দাইলকে পরামর্শ প্রদান করেন। | মসজিদ ভিত্তিক শিক্ষা কার্যক্রম আরও বেগবান করার লক্ষ্যে কমিটির সদস্যগণকে নিয়ে সভা আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন নান্দাইল। |
| **০৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান,** ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রনে রয়েছে। শীতকালীন শিশু ডায়রিয়া, শিশু ও বয়স্কদের শ্বাস কষ্ট জনিত সমস্যার প্রকোপ বৃদ্ধি পাবে এ জন্য তাদের হাসপাতাল মুখী করার পরামর্শ প্রদান করেন। | ডেঙ্গু প্রকোপ বৃদ্ধি পাওয়ায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত রোগীদের হাসপাতাল মুখী করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা/ |
| **০৪। উপজেলা কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় খরিপ-২/২০২২-২৩ মৌসুমে ২২৪১০ হেক্টর জমিতে রোপা আমন আবাদ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় এবং আবাদ অর্জন হয় ২২৪১০ মেঃটন। বিগত ৫,৬ অক্টোবর/২০২৩ তারিখের অতি বৃষ্টি জনিত কারনে অত্র উপজেলার ৯২০০ হেক্টর রোপা আমন ধান এবং ৮০ হেক্টর শাকসব্জী সম্পূর্ণ ক্ষতিগ্রস্থ হয়েছে এতে করে এ বছর কাঙ্খিত উৎপাদন পাওয়া সম্ভব হবে না। উক্ত ক্ষতিগ্রস্থ জমিতে সরিষা আবাদের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকদের পরামর্শ প্রদান করে যাচ্ছে। | মাঠে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সর্বদা উপস্থিত থেকে কৃষকদের পরামর্শ প্রদান কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| ২০২৩-২০২৪ অর্থ বছরে মাস কলাই আবাদ উৎপাদন বৃদ্ধি ও গ্রীষ্মকালীন পেয়াজ উৎপাদন বৃদ্ধির জন্য প্রনোদনার কর্মসূচীর বীজ ও সার প্রদান করা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে রবি মৌসুমে অত্র উপজেলায় ৩৯৪৫ জন কৃষকের মাঝে রবি প্রনোদনা পাওয়া গিয়াছে। যার মধ্যে গম ৭০০ জন, ভূট্টা ৭০০ জন, সরিষা ২৫০০ জন সূর্যমুখী ১৫জন, চিনা বাদাম ১০ জন শীত কালীন পেয়াজ ১০ জন এবং মুগ ডাল ১০ জন, কৃষকের মাঝে বিতরণ করা হবে। উপজেলা কৃষি পুর্ণবাসন বাস্তবায়ন কমিটির সভা সম্পন্ন হয়েছে। প্রতিটি ইউনিয়ন ভিত্তিক বিভাজন সম্পন্ন করে উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে তালিকা প্রস্তুত এর নির্দেশনা প্রদান করা হয়। উপ করন প্রাপ্তি সাপেক্ষে উপজেলা পরিষদ হতে প্রনোদনা বিতরণ করা হবে। | সুষ্ঠভাবে প্রনোদনা বিতরণ কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| অদ্য পর্যন্ত ইউরিয়া ২৩৪ মেঃটন, টিএসপি ৭১ মেঃটন, ডিএপি ৭২ মেঃ টন এবং এমওপি ৪৪.০০ মেঃটন সার মজুদ রয়েছে। আপাতত কোন প্রকার রাসায়নিক সারের ঘাটতি অত্র উপজেলায় নেই। সারের উত্তোলন, মজুদ ও বিক্রয় মনিটরিং জোরদার করা হয়েছে। | কোন ধরনের রাসায়নিক সারের সংকট যেন না হয় এবং দোকান মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| **০৫। উপজেলা মৎস্য বিভাগ :** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান অতি বৃষ্টির কারনে নান্দাইল উপজেলায় মৎস্য চাষীদের ব্যাপক ক্ষতি সাধিত হয়েছে। পরিদর্শন পূর্বক ক্ষতিগ্রস্থ চাষীদের তালিকা করা হচ্ছে এবং সরকারীভাবে ক্ষতিগ্রস্থ চাষীদের জন্য প্রণোদনা প্রদানের বিষয়ে এখন পর্যন্ত কোন ধরণের নির্দেশনা প্রদান করা হয়নি। ক্ষতিগ্রস্থ পুকুরগুলোতে যথাযথভাবে পুকুর ব্যবস্থাপনা গ্রহণ করার জন্য মৎস্য দপ্তর হতে মৎস্য চাষীদের নিয়মিতভাবে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে।<br>অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | সরকারীভাবে ক্ষতিগ্রস্থ চাষীদের জন্য প্রণোদনা প্রদানের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের এবং ক্ষতিগ্রস্থ পুকুরগুলোতে যথাযথভাবে পুকুর ব্যবস্থাপনা গ্রহণ করার জন্য মৎস্য দপ্তর হতে মৎস্য চাষীদের নিয়মিতভাবে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নান্দাইল। |
| **০৬। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, গত ১২/১০/২৩ তারিখ পর্যন্ত ছাগল ও ভেরার মধ্যে পিপিআর রোগের প্রতিষেধক হিসেবে ১ম ডোস ভ্যাকসিন দেয়া হয়েছে। ২৫৯৪১ টি ছাগল ও ভোড়ার মধ্যে মাঠ পর্যায়ে অল্প সংখ্যক ভ্যাকসিন বাদ আছে যার চাহিদা উর্ধ্বতন কর্তপক্ষকে জানানো হয়েছে। | প্রাণিসম্পদ কর্তকর্তার কার্যালয় হতে যে কোন ধরণের ভ্যাকসিন প্রয়োগ করার পূর্বে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অবহিত করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নান্দাইল। |
| **০৭। উপজেলা প্রকৌশল বিভাগ :** উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূপির (এডিপি) আওতায় প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়নের জন্য টেন্ডার কার্যক্রম চলমান রয়েছে। এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>বিভিন্ন রাস্তা/ব্রীজের উন্নয়ন কার্যক্রম বিষয়ে আলোচনা করেন। | নীতিমালা মোতাবেক ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপির (এডিপি) আওতায় প্রকল্প গ্রহণ এবং টেন্ডার কার্যক্রম বাস্তবায়ন নির্দিষ্ট সময়ে সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ কাজের গতি আরও বেগবান করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী নান্দাইল। |
| **০৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান,** ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষন (টিআর) কর্মসূচীর কাজ দ্রুত সম্পন্ন করার জন্য ৫০% খাদ্যশস্য/অর্থ ছাড় করা হয়েছে। অতি বৃষ্টিতে নষ্ট হওয়া রাস্তাগুলো ভালোভাবে মেরামত করার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করেন | অতি বৃষ্টিতে নষ্ট হওয়া রাস্তাগুলো ভালোভাবে মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর প্রকল্প তালিকা ও লেবার তালিকা দ্রুত দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগে জমা দেয়ার জন্য অনুরোধ করেন। | অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর প্রকল্প তালিকা ও লেবার তালিকা দ্রুত দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগে জমা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| গ্রামীণ রাস্তায় এইচবিবি প্রকল্পের আওতায় ১.০০০ কি: মি: রাস্তায় টেন্ডার সিডিউল বিক্রি চলছে আগামী ২৯/১০/২০২৩ তারিখ ৪.০০ ঘটিকা জন্য বিক্রি হবে এবং ৩০/১০/২০২৩ তারিখ ১.০০ ঘটিকা পর্যন্ত ড্রপিং হবে। | গ্রামীণ রাস্তায় এইচবিবি প্রকল্পের আওতায় ১.০০০ কি: মি: রাস্তার টেন্ডার কার্যক্রমসহ সুষ্ঠভাবে প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল। |
| **০৯। উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান,** শিক্ষাক্রম বিস্তরণ-২০২১ বিষয়ক প্রশিক্ষণ চলমান রয়েছে। সকল শিক্ষক এ প্রশিক্ষণের আওতায় আসবে।<br>নান্দাইল উপজেলায় কাব স্কাউট কার্যক্রম বেগবান করার জন্য কাবলিডার নেই এমন বিদ্যালয়ের ১জন করে শিক্ষক নিয়ে কাব স্কাউট ওরিয়েন্টেশন প্রেগ্রামের আয়োজন করা হয়েছে আগামী ১৪/১১/২০২৩ তারিখ এবং ডিসেম্বর মাসের মধ্যে বেসিক কোর্সের আয়োজন করা হয়েছে। | নান্দাইল উপজেলায় কাব স্কাউট কার্যক্রম বেগবান করার জন্য কাবলিডার নেই এমন বিদ্যালয়ের ১জন করে শিক্ষক নিয়ে কাব স্কাউট ওরিয়েন্টেশন প্রোগ্রাম সফল বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| সিআরভিএস স্টুডেন্ট প্রোফাইল তৈরীর কাজ চলমান রয়েছে।<br>৩য় প্রান্তিক মূল্যায়ন নভেম্বর মাসের ১৫-৩০ তারিখের মধ্যে অনুষ্ঠিত হবে।<br>বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান আছে। | ৩য় প্রান্তিক মূল্যায়ন পরীক্ষা সুষ্ঠ ও সুন্দারভাবে অনুষ্ঠিত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| **১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান,** বিনামূল্যের পাঠ্যপুস্তক সংরক্ষনের জন্য নান্দাইল পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় এর নিকট থেকে দুইটি কক্ষ পাওয়া গিয়াছে। এখন পর্যন্ত ইবতেদায়ী পর্যায়ে- ১ম, ৪র্থ ও ৫ম শ্রেণী, দাখিল পর্যায়ে-৬ষ্ঠ ও ৭ম শ্রেণী এবং মাধ্যমিক পর্যায়ে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীর পাঠ্যপুস্তক পাওয়া গিয়াছে।<br>দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | নান্দাইল পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় এর দুইটি কক্ষে পাঠ্যপুস্তক সঠিকভাবে সংরক্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| **১১। উপজেলা সমাজসেবা কর্মকর্তার জানান যে,** ২০২৩-২০২৪ অর্থবছরে ২য় কিস্তির অর্থ ৩০ নভেম্বর ২০২৩ এর মধ্যে প্রদানের নির্দেশনা রয়েছে। ২য় কিস্তিরপেরোল প্রদানের পূর্বেই অপেক্ষমাণ উপকারভোগীকে প্রতিস্থাপনের জন্য বিদ্যমান মৃত উপকারভোগীর | আগামী ২৫/১১/২০২৩ তারিখের মধ্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের মৃত উপকারভোগীর তথ্য প্রদান করবেন | চেয়ারম্যান (সংশ্লিষ্ট) ইউনিয়ন পরিষদ। |

| | | |
|---|---|---|
| ১৭। **উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি) জানান যে,** বিএডিসির দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি) নান্দাইল। |
| ১৮। **চেয়ারম্যান আচারগাঁও ইউনিয়ন পরিষদ জানান যে,** টিসিবি উপকারভোগীদের পারিবারিক কার্ডগুলি পুরাতন হওয়ায় তথ্য সংগ্রহের সমস্যা সৃষ্টি হচ্ছে। এক পরিবারে একের অধিক সদস্য থাকায় উপকারভোগীদের নাম সংশোধনের বিষয়ে প্রস্তাব উত্থাপন করেন। | টিসিবি এর পন্য উপকারভোগীদের পারিবারিক কার্ড নতুনভাবে তৈয়ার করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপকারভোগীদের নাম বিধি মোতাবেক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল। |
| ১৯। **ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে,** অত্র উপজেলায় বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকগণের নামের তালিকা বিভিন্ন অফিস সংগ্রহ করেছেন। ক্ষতিগ্রস্থ কৃষকদের মাঝে সরকারি প্রনোদনা, কৃষি লোন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব উত্থাপন করেন। | ক্ষতিগ্রস্থ কৃষকদের মাঝে সরকারি প্রনোদনা, কৃষি লোন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ। |
| ২০। **সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান** টিসিবি এর পন্য উপকারভোগীদের পারিবারিক কার্ডগুলি পুরাতন হওয়ায় কার্ডে ডিলারদের স্বাক্ষর ও বিতরনের তারিখ লিখার স্থান না থাকায় নতুন কার্ড তৈয়ার করা পরামর্শ প্রদান করেন। | টিসিবি এর পন্য উপকারভোগীদের পারিবারিক কার্ড নতুনভাবে তৈয়ার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল। |
| অত্র উপজেলায় অতি বৃষ্টির কারনে বন্যা হয়। বন্যায় ফসলি জমির ব্যাপক ক্ষতি হয়। উক্ত ক্ষয়ক্ষতির কারনে মানুষ খুবেই কষ্টে দিনজাপন করছে। কৃষি ব্যাংকসহ নান্দাইল উপজেলায় অবস্থিত অন্যান্য ব্যাংক হতে যেন সহজেই ক্ষতিগ্রস্থ কৃষকগণ কৃষি লোন গ্রহণ করতে পারেন এবিষয়ে বিভিন্ন ব্যাংক ম্যানেজারসহ সকল সদস্যগণকে পরামর্শ প্রদান করেন। | কৃষি ব্যাংকসহ নান্দাইল উপজেলায় অবস্থিত অন্যান্য ব্যাংক হতে যেন সহজেই ক্ষতিগ্রস্থ কৃষকগণ কৃষি লোন গ্রহণ করতে পারেন এবিষয়ে বিভিন্ন ব্যাংক ম্যানেজার কৃষকদের সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট ব্যাংক ম্যানেজার। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/১০/২৩

(হাসান মাহমুদ জুয়েল)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নান্দাইল, ময়মনসিংহ।

তারিখ ঃ-২৬/১০/২০২৩ খ্রিঃ।

স্মারকনং- ৪৬.৪৫.৬১৭২.০০০.০৬.০০১.২৩- ১১১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :-

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৪- ময়মনসিংহ- ৯, নান্দাইল।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-১/উপজেলা শাখা-২ বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৫। মেয়র, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ।
৬। জনাব মোঃ সারোয়ার হাসান, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৭। জনাব মনোয়ারা জুয়েল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৮। উপজেলা ------------------------------------------------ অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান --------------------------------ইউনিয়ন পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
১০। অফিস কপি।

২৬/১০/২৩

(অরুন কৃষ্ণ পাল)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নান্দাইল, ময়মনসিংহ।